দুর্নীতি দমন কমিশন
সদর লাইব্রেরি
কার্যালয়, ঢাকা

দুর্নীতির বিরুদ্ধে পূর্বাপর লড়াই

দুর্নীতি দমন কমিশন বাংলাদেশ

বার্ষিক প্রতিবেদন ২০১৫

দুর্নীতি দমন কমিশন

দু দ ক

যোগাযোগ
মোহাম্মাদ মুনীর চৌধুরী
মহাপরিচালক
দুর্নীতি দমন কমিশন
বাংলাদেশ
১, সেগুন বাগিচা, ঢাকা ১০০০।

টেলি: +৮৮ ০২-৯৩৪ ৯০১৩
ফ্যাক্স: +৮৮ ০২-৮৩১ ৩৮৮৪
ইমেইল: dg.admin@acc.org.bd
ওয়েব: www.acc.org.bd

বার্ষিক প্রতিবেদন সম্পাদনা কমিটি
মহাপরিচালক (প্রশাসন), দুদক
উপপরিচালক (জনসংযোগ কর্মকর্তা), দুদক

প্রকাশক
দুর্নীতি দমন কমিশন
বাংলাদেশ

ডিজাইন
আইসিটি সেল
দুর্নীতি দমন কমিশন

দুর্নীতি দমন কমিশন বাংলাদেশ

বার্ষিক প্রতিবেদন ২০১৫

দুর্নীতি দমন কমিশনের 'বার্ষিক প্রতিবেদন ২০১৫' দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ২৯(১) ধারা অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির কাছে পেশ করা হয়।

বর্তমান দুর্নীতি দমন কমিশন

চেয়ারম্যান
ইকবাল মাহমুদ

কমিশনার
ড. নাসিরউদ্দীন আহমেদ

কমিশনার
এএফএম আমিনুল ইসলাম

পূর্ববর্তী দুর্নীতি দমন কমিশন

চেয়ারম্যান
মো. বদিউজ্জামান

কমিশনার
মো. সাহাবুদ্দিন

কমিশনার
ড. নাসিরউদ্দীন আহমেদ

হস্তান্তরপত্র

২৪ শে অক্টোবর, ২০১৬
জনাব মো. আবদুল হামিদ
মহামান্য রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

মহামান্য রাষ্ট্রপতি,

আমরা সানন্দে ও সবিনয়ে দুর্নীতি দমন কমিশন (দুদক) কর্তৃক প্রণীত ২০১৫ খ্রিঃ সনের ৩১ শে ডিসেম্বরে সমাপ্ত বছরের চতুর্থ বার্ষিক প্রতিবেদন (দ্বিভাষিক)আপনার সমীপে উপস্থাপন করছি। দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৯(১) ধারার আইনগত বিধান অনুসরণে প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে। উল্লিখিত আইনের বিধান অনুসারে প্রতিবেদনটি জাতীয় সংসদে উপস্থাপনের ব্যবস্থা নিয়ে পরম বাধিত করবেন।

দুর্নীতি দমন কমিশন আইনে নির্দেশিত এবং কমিশন কর্তৃক সম্পাদিত সকল কর্মকাণ্ডের বিবরণ এ প্রতিবেদনে সন্নিবেশিত হয়েছে। এতে সম্পাদিত কর্ম-কীর্তির অভ্যন্তরীণ এবং বাহ্যিক জবাবদিহিতা প্রতিফলিত হয়েছে এবং কমিশনে ন্যাস্তকৃত জন-সম্পদের সুনিপুণ ব্যবস্থাপনা সংক্রান্ত বিস্তারিত বিবরণ এতে অন্তর্ভুক্ত করা হয়েছে। সুস্পষ্টিকরণ এবং সহজবোধ্যতার লক্ষ্যে কতিপয় সাধারণ তথ্য, পরিসংখ্যান এবং ঘটনা-বিশ্লেষণ প্রতিবেদনে সন্নিবেশিত করা হয়েছে।

আমরা সবিনয়ে মহোদয়কে আশ্বস্ত করতে চাই যে, কমিশন দুর্নীতির কঠোর প্রতিকার বিধান এবং প্রতিরোধকল্পে দেশব্যাপী সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করেছে।

গভীর শ্রদ্ধান্তে
আপনার অনুগত,

(ইকবাল মাহমুদ)
চেয়ারম্যান
দুর্নীতি দমন কমিশন

(ড. নাসিরউদ্দীন আহমেদ)
কমিশনার
দুর্নীতি দমন কমিশন

(এ এফ এম আমিনুল ইসলাম)
কমিশনার
দুর্নীতি দমন কমিশন

দুর্নীতি দমন কমিশন, ১, সেগুন বাগিচা, ঢাকা-১০০০, ফোন : +৮৮ ০২ ৮৩৩৩৩৫০, ফ্যাক্স : +৮৮ ০২ ৮৩৩৩৩৫৪
ই-মেইল : chairman@acc.org.bd

বিষয়সূচি

হস্তান্তরপত্র		০৬
আদ্যক্ষর ও শব্দ-বিস্তার		০৮
মুখবন্ধ		০৯
অধ্যায় এক	**দর্নীতি দমন কমিশন: প্রেক্ষাপট ও পরিচিতি**	১১
	১.১ ভূমিকা	১২
	১.২ দুর্নীতি দমন কমিশন পরিচিতি	১২
অধ্যায় দুই	**দুর্নীতির বিরুদ্ধে প্রতিকারমূলক পদক্ষেপ**	১৯
	২.১ ভূমিকা	২০
	২.২ অনুসন্ধান	২৩
	২.৩ তদন্ত	২৫
	২.৪ প্রাতিষ্ঠানিক দুর্নীতির অনুসন্ধান ও তদন্ত	২৮
	২.৫ উল্লেখযোগ্য দুর্নীতি অনুসন্ধান ও তদন্ত কার্যক্রমসমূহ	৩০
	২.৬. প্রসিকিউশন	৩৬
অধ্যায় তিন	**দুর্নীতি প্রতিরোধ**	৩৯
	৩.১ ভূমিকা	৪০
	৩.২ দুর্নীতিবিরোধী সুদূরপ্রসারী কর্মসূচি	৪২
অধ্যায় চার	**গণশুনানি**	৪৯
	৪.১ ভূমিকা	৫০
	৪.২ উপসংহার	৫১
অধ্যায় পাঁচ	**প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি**	৫৩
	৫.১ মানবসম্পদ ব্যবস্থাপনা	৫৪
	৫.২ কমিশনের বাজেট ব্যবস্থাপনা	৫৮
	৫.৩ দুদকের অভ্যন্তরীণ দুর্নীতি প্রতিরোধে গৃহীত কার্যক্রম	৫৯
	৫.৪ কমিশনের সার্বিক কার্যক্রমের পর্যবেক্ষণ ও মূল্যায়ন	৬০
অধ্যায় ছয়	**কমিশনের তথ্য ব্যবস্থাপনা**	৬১
	৬.১ দুদক ও তথ্য অধিকার আইন	৬২
অধ্যায় সাত	**আগামী ভভিযাত্রায় কমিশনের কর্মপরিকল্পনা**	৬৩
	৭.১ কমিশনের কর্মপরিকল্পনা	৬৪
অধ্যায় আট	**সুপারিশমালা**	৬৭
	ক. সরকারি সেবা	৬৮
	খ. সরকারি নিয়োগ	৬৯
	গ. সরকারি ক্রয় কার্যাদি	৬৯
	ঘ. সরকারি নির্মাণ/মেরামত/সংস্কার	৭০
	ঙ. কার্যপদ্ধতি সংস্কার/System Improvement	৭০
	চ. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান	৭১
	ছ. বিবিধ	৭১

আদ্যক্ষর ও শব্দ-বিস্তার

দুদক	দুর্নীতি দমন কমিশন
দুপ্রক	দুর্নীতি প্রতিরোধ কমিটি
বিএসি	দুর্নীতি দমন ব্যুরো
ডিজি	মহাপরিচালক
আইডিও	সমন্বিত জেলা কার্যালয়
এমএলপিএ	মানিলন্ডারিং প্রতিরোধ আইন
এজাহার	প্রাথমিক তথ্য বিবরণী (এফআইআর)
এলসি	ঋণ পত্র
এলটিআর	লোন এগেইন্সট ট্রাস্ট রিসিপ্ট
আই/ও	তদন্তকারী কর্মকর্তা
ই/ও	অনুসন্ধানকারী কর্মকর্তা
ইউএনসিএসি	দুর্নীতি বিরোধী জাতিসংঘ সনদ
জিডি	সাধারণ ডায়েরি
জিআইজেড	জার্মান আন্তর্জাতিক কারিগরি সহায়তা সংস্থা
ডিএফপি	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
এনআইএস	জাতীয় শুদ্ধাচার কৌশল
এসডিজি	টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা
টিআইবি	ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
বিটিআরসি	বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন
এমওইউ	সমঝোতা স্মারক
এডিবি	এশীয় উন্নয়ন ব্যাংক
আরটিআই	তথ্য অধিকার
এনএসআই	জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা
পিপিএ	সরকারি ক্রয় আইন
পিপিআর	সরকারি ক্রয় বিধিমালা
এডি	সহকারী পরিচালক
ডিএডি	উপ-সহকারী পরিচালক
পিআরও	জনসংযোগ কর্মকর্তা
আইএফপি	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট
আইইউ	সততা সংঘ

মুখবন্ধ

মহান মুক্তিযুদ্ধের চেতনা হতে উৎসারিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের পবিত্র সংবিধান নির্দেশ করে: বাংলাদেশ হবে একটি ন্যায়ভিত্তিক শুদ্ধাচারী সমাজ এবং এর নাগরিকবৃন্দ, পরিবার, রাষ্ট্রীয় ও ব্যবসা-প্রতিষ্ঠানসহ রাষ্ট্রযন্ত্রের প্রতিটি অঙ্গ হবে শুদ্ধাচারী ও দুর্নীতিমুক্ত। পরিতাপের বিষয় হলো, স্বাধীনতার ৪৫ বছর পরও আমাদের দেশে দুর্নীতিকে নির্মূল করা সম্ভব হয়নি। মৌলিক চাহিদা পূরণ যেমন অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা, কর্মসংস্থানসহ শিল্পের বিকাশ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়নসহ সকল উন্নয়ন প্রচেষ্টার প্রধান অন্তরায় হচ্ছে দুর্নীতি। তবে দুর্নীতি শুধু বাংলাদেশের সমস্যা নয়। এটি এখন বৈশ্বিক সমস্যা। বিশ্বের সর্বত্রই কম-বেশি দুর্নীতির ঘটনা ঘটছে।

২০০৪ সনের ২১শে নভেম্বর বাংলাদেশে দুর্নীতি দমন কমিশন প্রতিষ্ঠিত হওয়া থেকেই কমিশন দুর্নীতি দমনে বহুমুখী কার্যক্রম পরিচালনা করে আসছে। দুর্নীতির বিরুদ্ধে পরিচালিত সংগ্রামকে দু'টি মানদণ্ডে বিভক্ত করেছে কমিশন। একটি হলো প্রতিকারমূলক ও অপরটি হলো প্রতিরোধমূলক। প্রতিকারমূলক কার্যক্রম হচ্ছে দুর্নীতি দমন কমিশন আইন-২০০৪এর তফসিলভুক্ত দুর্নীতিসংক্রান্ত সুনির্দিষ্ট অভিযোগসমূহের অনুসন্ধান ও তদন্ত করে দোষীদের বিচারের জন্য আদালতে সোপর্দ করা। পদ্ধতিগতভাবে কমিশন দুর্নীতিবিরোধী অভিযানকে প্রসারিত করছে, পাশাপাশি কমিশন কার্যকরভাবে দুর্নীতি প্রতিরোধে বহুমুখী কর্মসূচি বাস্তবায়ন করছে। কমিশন ইতোমধ্যেই দুর্নীতি প্রতিরোধে জাতীয় সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে সমাজের সকল স্তরের মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য গৃহীত পদক্ষেপসমূহ ত্বরান্বিত করছে। সমাজের সকল স্তরের দুর্নীতিবিরোধী গণসচেতনতা সৃষ্টির জন্য উপজেলা, জেলা ও নগর/মহানগর পর্যায়ে দুর্নীতি প্রতিরোধ কমিটি গঠন করা হয়েছে। দেশে ৪২২টি উপজেলা, ৬২টি জেলা, ১টি মহানগর ও ৮টি আঞ্চলিক মহানগর 'দুর্নীতি প্রতিরোধ কমিটি' গঠন করা হয়েছে। তারা দুর্নীতির বিরুদ্ধে মানুষের মাঝে গণসচেতনতা সৃষ্টির জন্য আলোচনা সভা, সেমিনার, সিম্পোজিয়াম, মতবিনিময় সভা, পথসভা, বিতর্ক ও রচনা প্রতিযোগিতা ইত্যাদি কর্মসূচি বাস্তবায়ন করছে।

তরুণ প্রজন্মের মধ্যে শুদ্ধাচার-এর মূল্যবোধ জাগ্রত ও চর্চার উদ্দেশ্যে এবং দুর্নীতির বিরুদ্ধে তরুণদের কণ্ঠকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার লক্ষ্যে দুর্নীতি প্রতিরোধ কমিটির তত্ত্বাবধানে স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীদের নিয়ে 'সততা সংঘ' গঠন করা হয়েছে । এসব সততা সংঘ দুর্নীতির বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি এবং তরুণ প্রজন্মের মধ্যে সততা চর্চা প্রসারের লক্ষ্যে দুর্নীতি প্রতিরোধ কমিটিসমূহের সহযোগী সংগঠন হিসেবে কাজ করে। শিক্ষার্থীদের মননে নৈতিক মূল্যবোধ এবং নৈতিকতার উপলব্ধিকে উন্মেষিত এবং শানিত করতে প্রত্যেক সততা সংঘ সক্রিয় সহায়তা দিচ্ছে।

এছাড়াও কমিশন দুর্নীতি প্রতিরোধের জন্য দেশের সকল সরকারি ও আধা-সরকারি দপ্তরে 'গণশুনানি'র মতো অভিনব কার্যক্রম পরিচালনা করছে। দুর্নীতি দমন কমিশন আইন-২০০৪ এবং মন্ত্রিপরিষদ বিভাগের অফিস স্মারক এবং সরকার কর্তৃক অনুমোদিত জাতীয় শুদ্ধাচার কৌশল-২০১২-এর ওপর ভিত্তি করে গণশুনানি পরিচালনা করা হচ্ছে।

দুর্নীতি দমন কমিশন এর সকল কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে অবাধ তথ্য প্রবাহের উপর সবিশেষ গুরুত্ব আরোপ করছে। পূর্ববর্তী ২০১৫ সনের সময়াবদ্ধ বহুমাত্রিক কর্মকান্ড এবং এর ফলপ্রসূত প্রভাব নিহিত দলিল হিসাবে দুর্নীতি দমন কমিশন আইন-২০০৪-এর ২৯(১) ধারা অনুযায়ী ২০১৪ সনের ন্যায় ২০১৫ সনের 'বার্ষিক প্রতিবেদন' মহামান্য রাষ্ট্রপতির কাছে পেশ করছে। এ প্রতিবেদনে ২০১৫ সনের বিশাল কর্মযজ্ঞের চিত্র তুলে ধরা হয়েছে।

অংশগ্রহণ এবং অন্তর্ভুক্তিমূলক কর্মকৌশল অনুসরণে দুর্নীতি দমন কমিশন এর সকল অংশীপ্রতিষ্ঠানকে সাথে নিয়ে দুর্নীতি প্রতিরোধের সর্বাত্মক ও সর্বোত্তম প্রচেষ্টায় নিবেদিত হওয়ার বিনত প্রতিজ্ঞা ব্যক্ত করছে।

(ইকবাল মাহমুদ)
চেয়ারম্যান
দুর্নীতি দমন কমিশন

দুর্নীতি দমন কমিশনের প্রধান কার্যালয়

অধ্যায় ১

দুর্নীতি দমন কমিশন: প্রেক্ষাপট ও পরিচিতি

ভূমিকা

দুর্নীতি দমন কমিশন পরিচিতি

দুর্নীতি দমন কমিশন : প্রেক্ষাপট ও পরিচিতি

১.১. ভূমিকা

প্রাচীন ভারতের ইতিহাস পর্যালোচনা করলে দুর্নীতির অস্তিত্ব খুঁজে পাওয়া যাবে। চাণক্যের অর্থশাস্ত্রে বিভিন্ন প্রকারের দুর্নীতির বিশদ বিবরণ রয়েছে। দুর্নীতি প্রতিরোধের চেষ্টাও প্রাচীন। ১৮৬০ সনে প্রণীত দণ্ডবিধিতে কতিপয় অপরাধমূলক কার্যকে দুর্নীতিমূলক কার্যকলাপ হিসেবে সংজ্ঞায়িত করে দণ্ডের বিধান আরোপ করা হয়। তবে এ দণ্ডবিধি প্রচলিত হওয়ার পূর্বেও এ দেশে এ জাতীয় অপরাধের দণ্ডের বিধান ছিল। এ ক্ষেত্রে বলা যায়, দণ্ডবিধি ১৮৬০ প্রণয়নের মাধ্যমে দুর্নীতিসংক্রান্ত অপরাধ বিচার প্রক্রিয়ার আইনগত কাঠামো সৃষ্টি হয়।

প্রাতিষ্ঠানিকভাবে ১৯৪৪ সনে তৎকালীন ব্রিটিশ সরকার একটি অধ্যাদেশ জারির মাধ্যমে গণকর্মচারীদের দুর্নীতি দমনের উদ্যোগ গ্রহণ করে। পরবর্তীকালে ১৯৪৭ সনে দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭ প্রণয়ন ও বলবৎ করা হয়। দুর্নীতি দমনে জারিকৃত এ আইন বাস্তবায়নের দায়িত্ব দেওয়া হয়েছিল পুলিশ বিভাগের ওপর। এতে কাঙ্ক্ষিত ফল অর্জিত না হওয়ায় দুর্নীতি দমনসংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্যে একটি পৃথক সরকারি দপ্তর তথা "দুর্নীতি দমন ব্যুরো" গঠনসহ অন্যান্য লক্ষ্য নিয়ে দুর্নীতি দমন আইন, ১৯৫৭ বলবৎ করা হয়। প্রাথমিকভাবে অস্থায়ী দপ্তর হিসেবে সীমিত পরিসরে কার্যক্রম শুরু করলেও ১৯৬৭ সন থেকে একটি স্থায়ী দপ্তরে পূর্ণোদ্যমে দুর্নীতি দমন ব্যুরোর কর্মকাণ্ড শুরু হয়। তৎকালীন দুর্নীতি দমন ব্যুরোর স্বাধীনভাবে দুর্নীতির অভিযোগ অনুসন্ধান ও তদন্ত পরিচালনা করার আইনি সুযোগ ছিল না। একবিংশ শতাব্দীর প্রারম্ভে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল-এর জরিপে বাংলাদেশ একাধিকবার শীর্ষ দুর্নীতিগ্রস্ত দেশ হিসেবে চিহ্নিত হয়। এ প্রেক্ষাপটে দেশের সাধারণ মানুষ, উন্নয়ন সহযোগী, সুশীল সমাজ, রাজনীতিবিদ, গণমাধ্যমসহ সংশ্লিষ্টদের দাবির পরিপ্রেক্ষিতে ২০০৪ সনের ২১শে নভেম্বর "বাংলাদেশ ব্যুরো অব এন্টিকরাপশন" বিলুপ্ত করে দুর্নীতি দমন কমিশন (দুদক) প্রতিষ্ঠা করা হয়। দুর্নীতি দমন কমিশন একটি জাতীয় সংবিধিবদ্ধ সংস্থা, যা দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ভিত্তিতে প্রতিষ্ঠিত। দুর্নীতি দমন কমিশন শিক্ষা, প্রতিরোধ এবং আইন প্রয়োগের মাধ্যমে দুর্নীতির বিরুদ্ধে পরিচালিত সংগ্রাম অব্যাহত রেখে এর উপর অর্পিত 'ম্যাণ্ডট' বাস্তবায়ন করছে।

১.২ দুর্নীতি দমন কমিশন পরিচিতি

১.২.১ আমাদের ম্যান্ডেট

দেশের দুর্নীতি এবং দুর্নীতিমূলক কার্য প্রতিরোধের লক্ষ্যে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ অনুযায়ী দুর্নীতি এবং অন্যান্য সুনির্দিষ্ট অপরাধের অনুসন্ধান ও তদন্ত পরিচালনা।

১.২.২ কমিশনের রূপকল্প

"সমাজের সর্বস্তরে প্রবাহমান একটি শক্তিশালী দুর্নীতিবিরোধী সংস্কৃতির চর্চা ও প্রসার সুনিশ্চিত করা"।

১.২.৩ কমিশনের লক্ষ্য

"অব্যাহতভাবে দুর্নীতিকে দমন, নিয়ন্ত্রণ এবং প্রতিরোধ করা"

দুর্নীতি নিয়ন্ত্রণের চার-স্তম্ভ বিশিষ্ট কাঠামো

১.২.৪ কমিশনের তিনটি কৌশলগত লক্ষ্য

- শাস্তিমূলক পদক্ষেপ গ্রহণের মাধ্যমে দুর্নীতির দমন;
- পদ্ধতিগত পর্যালোচনার মাধ্যমে দুর্নীতি প্রতিরোধ করা; এবং
- শিক্ষা ও সচেতনাতামূলক প্রচারের মাধ্যমে দুর্নীতি প্রতিরোধ করা।

উপরিউক্ত কৌশলগত লক্ষ্যগুলো চারটি সহায়ক লক্ষ্য দ্বারা সমর্থিত:

- প্রাতিষ্ঠানিক কাঠামো প্রণয়ন;
- পরিচালনা পদ্ধতি প্রণয়ন;
- মানবসম্পদ সহায়তা ও উন্নত অভ্যন্তরীণ শাসন পদ্ধতি; এবং
- আর্থিক ও উন্নত কারিগরি (লজিস্টিক) সহায়তা।



১.২.৫ কমিশনের প্রধান কার্যসম্পাদন সূচকসমূহ

- বছরের দায়েরকৃত মামলার বিপরীতে নিষ্পত্তিকৃত মামলার শতাংশ বা হার;
- কোনো অভিযোগ নিষ্পত্তির জন্যে নেওয়া অনুসন্ধান ও তদন্তে ব্যয়িত সময়;
- বিচারের (প্রসিকিউশন) হার অথবা বছরে নিষ্পত্তিকৃত মামলার বিপরীতে বিচারের হার; এবং
- দোষী সাব্যস্তকরণের হার বা বছরে বিচারের হারের বিপরীতে দোষী সাব্যস্তকরণের হার।

১.২.৬ কমিশনের নির্বাহী কাঠামো

দুর্নীতি দমন কমিশনের কমিশনার পদে নিয়োগের জন্যে দুর্নীতি দমন কমিশন আইন অনুযায়ী সুপ্রীম কোর্টের আপিল বিভাগের একজন বিচারপতির নেতৃত্বে পাঁচ সদস্যের একটি বাছাই কমিটি রয়েছে। বাছাই কমিটির সুপারিশক্রমে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক কমিশনারগণ পূর্ণকালীন সময়ের জন্যে স্ব-স্ব পদে পাঁচ বৎসরের জন্যে নিয়োগপ্রাপ্ত হন। তিনজন কমিশনারের মধ্য হতে মহামান্য রাষ্ট্রপতি একজনকে চেয়ারম্যান পদে নিয়োগ করে থাকেন। চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। কর্মাবসানের পর কমিশনারগণ প্রজাতন্ত্রের কোনো লাভজনক পদে নিয়োগ লাভের যোগ্য বিবেচিত হন না। সুপ্রীম কোর্টের একজন বিচারককে যে সকল কারণ ও পদ্ধতিতে অপসারণ করা যায়, ঠিক একই কারণ ও পদ্ধতি ব্যতীত কোনো কমিশনারকে অপসারণ করা যায় না।

চিত্র-১: দুর্নীতি দমন কমিশনের সাংগঠনিক মৌল কাঠামো



চিত্র-২: দুদকের মাঠ কার্যালয়গুলোর সাংগঠনিক কাঠামো

*সজেকা: সমন্বিত জেলা কার্যালয়

সজেকা-এ দেশের যে জেলাগুলো অর্ন্তভুক্ত:

ঢাকা -১	:	ঢাকা মহানগর এলাকা ও ঢাকা জেলা
ঢাকা-২	:	গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, মানিকগঞ্জ ও মুন্সিগঞ্জ জেলা
ময়মনসিংহ	:	ময়মনসিংহ, নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলা
টাংগাইল	:	টাংগাইল, জামালপুর ও শেরপুর জেলা
ফরিদপুর	:	ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, শরিয়তপুর ও মাদারীপুর জেলা
চট্টগ্রাম-১	:	চট্টগ্রাম মহানগর এলাকা
চট্টগ্রাম-২	:	চট্টগ্রাম মহানগর এলাকা-বহির্ভূত থানাসমূহ, কক্সবাজার ও বান্দরবান পার্বত্য জেলা
নোয়াখালী	:	নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুর জেলা
কুমিল্লা	:	কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুর জেলা
রাঙামাটি	:	রাঙামাটি ও খাগড়াছড়ি পার্বত্য জেলা
রাজশাহী	:	রাজশাহী, নওগাঁ ও চাপাইনবাবগঞ্জ জেলা
বগুড়া	:	বগুড়া ও জয়পুরহাট জেলা
পাবনা	:	পাবনা ও সিরাজগঞ্জ জেলা
রংপুর	:	রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম ও লালমনিরহাট জেলা
দিনাজপুর	:	দিনাজপুর, ঠাকুরগাঁও, নীলফামারী ও পঞ্চগড় জেলা
খুলনা	:	খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলা
যশোর	:	যশোর, নড়াইল, ঝিনাইদহ ও মাগুরা জেলা
কুষ্টিয়া	:	কুষ্টিয়া, মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলা
বরিশাল	:	বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর ও ভোলা জেলা
পটুয়াখালী	:	পটুয়াখালী ও বরগুনা জেলা
সিলেট	:	সিলেট ও সুনামগঞ্জ জেলা
হবিগঞ্জ	:	হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলা

১.২.৭ কমিশনের কার্যাবলি

দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ অনুযায়ী কমিশন তাহার ওপর অর্পিত দায়িত্ব পরিচালনা করে। দুর্নীতি দমন এবং প্রতিরোধে দুর্নীতি দমন কমিশন একটি স্বাধীন প্রতিষ্ঠান। কমিশনের কতিপয় গুরুত্বপূর্ণ কার্য হচ্ছে

১. প্রাপ্ত অভিযোগ বা স্ব-উদ্যোগে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দুদক আইনের তফসিলে উল্লিখিত অপরাধসমূহের অনুসন্ধান ও তদন্ত পরিচালনা করা;

২. অনুসন্ধান পরিচালনার ভিত্তিতে মামলা দায়েরের অনুমোদন এবং তদন্তের ভিত্তিতে চার্জশিট/চূড়ান্ত রিপোর্ট দাখিলের অনুমোদন প্রদান;

৩. মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং এর সংশোধনীসমূহ অনুযায়ী মানিলন্ডারিং বিষয়ে অনুসন্ধান/তদন্ত ও মামলা পরিচালনা করা;

৪. রাষ্ট্রপতির নিকট নিম্নলিখিত বিষয়ে সুপারিশ উপস্থাপন করা :

- দুর্নীতি প্রতিরোধের জন্যে কোনো আইনের অধীন স্বীকৃত ব্যবস্থাদি পর্যালোচনা;
- কার্যকর বাস্তবায়নের জন্যে দুর্নীতি প্রতিরোধের বিষয়ে গবেষণা পরিকল্পনা তৈরি;
- গবেষণালব্ধ ফলাফলের ভিত্তিতে করণীয় নির্ধারণ;
- আর্থ-সামাজিক অবস্থার পরিপ্রেক্ষিতে বাংলাদেশে বিদ্যমান বিভিন্ন প্রকার দুর্নীতির উৎস চিহ্নিত করা এবং তদানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা সম্পর্কিত বিষয়াদি নির্ধারণ।

৫. দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার ব্যবস্থা করা এবং কমিশনের কার্যাবলি ও দায়িত্বের মধ্যে পড়ে এমন সকল বিষয়ের ওপর সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা ইত্যাদি অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ; এবং

৬. দুর্নীতি দমন বিষয়ে আইন দ্বারা কমিশনের উপর অর্পিত যে কোনো দায়িত্ব পালন করা।

১.২.৮ আইন ও ক্ষমতা

দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর মাধ্যমে কমিশন তাহার কার্যাবলি, ক্ষমতা এবং সাংগঠনিক কাঠামোর যাত্রা শুরু করে। অন্য সম্পৃক্ত আইনসমূহ হচ্ছে

১। দণ্ডবিধি, ১৮৬০

২। ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮

৩। দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭

৪। ফৌজদারি আইন সংশোধনী, ১৯৫৮

৫। মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং এর সংশোধনীসমূহ

১.২.৯ অনুসন্ধান ও তদন্ত পরিচালনায় কমিশনের বিশেষ ক্ষমতা

১. সাক্ষী তলব, উপস্থিতি নিশ্চিতকরণ এবং জিজ্ঞাসাবাদ;

২. যে কোনো নথি খুঁজে বের করা ও উপস্থাপন করা ;

৩. সাক্ষ্য গ্রহণ;

৪. যে কোনো আদালত বা অফিস হতে সরকারি নথি বা এর সত্যায়িত অনুলিপি তলব;

৫. সাক্ষীদের নোটিস ইস্যু ও নথিপত্র যাচাই; এবং

৬. এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে নির্ধারিত প্রয়োজনীয় অন্য যে কোনো বিষয়।

দুদক আইন, ২০০৪-এর ধারা ১৯ অনুযায়ী, "কোন কমিশনার বা কমিশন হইতে বৈধ ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তাকে উপ-ধারা (১)-এর অধীন ক্ষমতা প্রয়োগে কোন ব্যক্তি বাধা প্রদান করিলে বা উক্ত উপ-ধারার অধীন প্রদত্ত কোন নির্দেশ ইচ্ছাকৃতভাবে কোন ব্যক্তি অমান্য করিলে উহা দণ্ডনীয় অপরাধ হইবে এবং উক্ত অপরাধের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি অনূর্ধ্ব ৩ (তিন) বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের কারাদণ্ডে বা অর্থদণ্ডে বা উভয় প্রকার দণ্ডে দণ্ডিত হইবেন"।

১.২.১০ কমিশনের মৌলিক কর্মপ্রয়াস

দুদকের মূল লক্ষ্য দুর্নীতি ও দুর্নীতিমূলক কার্য প্রতিরোধ। এ লক্ষ্য অর্জনে দুদক নিম্নরূপ দায়িত্ব ও কার্যপদ্ধতি অনুসরণ করে এগিয়ে যাচ্ছে:

১। নিরলসভাবে ও দৃঢ়তার সাথে অনুসন্ধান, তদন্ত ও অন্যান্য আইনি কার্যক্রম পরিচালনা করা, যাতে দুর্নীতিপরায়ণরা কোনো রকম প্রশ্রয় না পায়;

২। বিশেষ দুর্নীতিপ্রবণ ক্ষেত্রগুলো চিহ্নিত করে সেগুলোর দুর্নীতির কার্যকর অনুসন্ধান ও আইনি প্রতিকারের পাশাপাশি এইসব অপরাধ নিরাময় ও প্রতিরোধমূলক শিক্ষা ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা; এবং

৩। এই সকল কার্যকর ও সমন্বিত প্রতিকার ও প্রতিরোধমূলক পদক্ষেপের মাধ্যমে দুর্নীতি দমন করা সম্ভব হবে বলে দুদক বিশ্বাস করে।

দুর্নীতি প্রতিরোধ ও প্রতিকারে সমান গুরুত্ব দিচ্ছে কমিশন। কমিশনের উপলব্ধিতে রয়েছে যে, দমন ছাড়া যেমন প্রতিরোধ সম্ভব নয় তেমনি প্রতিরোধ অভিযান ছাড়াও দুর্নীতি দমন সম্ভব নয়। বিষয়গুলো পরস্পরের পরিপূরক।

দুর্নীতি দমন কমিশন
দু দ ক

অধ্যায় ২

দুর্নীতির বিরুদ্ধে প্রতিকারমূলক পদক্ষেপ

ভূমিকা

অনুসন্ধান

তদন্ত

প্রাতিষ্ঠানিক দুর্নীতির অনুসন্ধান ও তদন্ত

উল্লেখযোগ্য দুর্নীতি অনুসন্ধান ও তদন্ত কার্যক্রমসমূহ

প্রসিকিউশন

দুর্নীতির বিরুদ্ধে প্রতিকারমূলক পদক্ষেপ

২.১. ভূমিকা

দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর মাধ্যমে প্রতিষ্ঠিত দুর্নীতি দমন কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা। দুদক আইন, ২০০৪-এর তফসিলভুক্ত অপরাধসংক্রান্ত সুনির্দিষ্ট অভিযোগের বিষয়ে কমিশন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে।

২.১.১ দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ তফসিলভুক্ত তাৎপর্যপূর্ণ অপরাধসমূহ

- সরকারি কর্তব্য পালনের সময় সরকারি কর্মকর্তা/কর্মচারী/নির্বাচিত জনপ্রতিনিধি বা সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত যে কোন ব্যক্তি কর্তৃক উৎকোচ (ঘুষ)/উপঢৌকন গ্রহণ;
- সরকারি কর্মকর্তা/কর্মচারী/নির্বাচিত জনপ্রতিনিধি বা সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত যে কোন ব্যক্তি অথবা অন্য কোনো ব্যক্তির অবৈধভাবে স্বনামে/বেনামে সম্পদ অর্জন;
- সরকারি অর্থ/সম্পত্তি আত্মসাৎ বা ক্ষতিসাধন;
- সরকারি কর্মকর্তা/কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ব্যবসা/বাণিজ্য পরিচালনা;
- সরকারি কর্মকর্তা/কর্মচারী কর্তৃক জ্ঞাতসারে কোনো অপরাধীকে শাস্তি থেকে রক্ষার প্রচেষ্টা;
- মানিলন্ডারিং (অবৈধভাবে অর্থ হস্তান্তর, রূপান্তর, গোপন করা ও উক্ত কাজে সহায়তা প্রদান);
- বেসরকারি পর্যায়ে অধীনস্থ চাকুরে কর্তৃক অর্থ/সম্পদ আত্মসাৎসংক্রান্ত অভিযোগ; এবং
- জাল-জালিয়াতি এবং প্রতারণা

২.১.২ দুর্নীতির অভিযোগ গ্রহণ

জনগণ দুদক আইন, ২০০৪-এর তফসিলভুক্ত অপরাধসমূহের অভিযোগ কমিশনে দাখিল করতে পারে। দুদক আইন, ২০০৪-এর তফসিলভুক্ত অপরাধসংক্রান্ত সুনির্দিষ্ট অভিযোগের বিষয়ে কমিশন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে। কমিশনের তফসিল বহির্ভূত অপরাধসংক্রান্ত অভিযোগের ক্ষেত্রে কমিশনের পক্ষে আইনি ব্যবস্থা গ্রহণের কোনো সুযোগ নেই। সরকারি কর্মকর্তা/কর্মচারী অথবা নির্বাচিত জনপ্রতিনিধি কিংবা সরকারের দায়িত্বে মনোনীত কোন ব্যক্তি কোনো কাজের জন্যে ঘুষ দাবি করলে ঘুষ প্রদানের পূর্বেই তথ্যটি দুদকের প্রধান কার্যালয় অথবা নিকটস্থ দুদক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করলে ঘুষ বা উৎকোচ গ্রহণকারীকে ফাঁদ পেতে হাতে-নাতে ধরার ব্যবস্থা গ্রহণ করা হয়

২.১.৩ দুদকের যে সকল কার্যালয়ে অভিযোগ গ্রহণ করা হয়ে থাকে

ক) চেয়ারম্যান/কমিশনার, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা

খ) বিভাগীয় পরিচালক (অপরাধটি যে বিভাগের অধীন সংঘটিত), দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয় ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।

গ) উপপরিচালক (অপরাধটি যে সমন্বিত জেলা কার্যালয়ের অধীন সংঘটিত), দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১/ঢাকা-২/টাঙ্গাইল/ফরিদপুর/ময়মনসিংহ/চট্টগ্রাম-১/চট্টগ্রাম-২/রাঙ্গামাটি/কুমিল্লা/নোয়াখালী/রাজশাহী/বগুড়া/পাবনা/রংপুর/দিনাজপুর/খুলনা/কুষ্টিয়া/যশোর/বরিশাল/পটুয়াখালী/সিলেট/হবিগঞ্জ।

২.১.৪ অভিযোগের ভিত্তিতে গৃহীত পদক্ষেপ

যদি কোনো ব্যক্তি অবৈধ অর্থ বা এমন পরিমাণ সম্পদ অর্জন করে যা তার জ্ঞাত উপার্জনের সাথে সামঞ্জস্যপূর্ণ নয় এবং এ ধরনের ব্যক্তির বিরুদ্ধে তার নাম, পদবি/পেশা ও পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক নিম্নলিখিত তথ্যসহ অভিযোগ করা হলে দুদক তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে –

- স্থাবর সম্পদের (বাড়ি, ফ্ল্যাট, প্লট, জমি ইত্যাদি) অবস্থান, পরিমাণ, আনুমানিক মূল্যসহ পূর্ণাঙ্গ ঠিকানা;
- আর্থিক সম্পদ, ব্যাংক হিসাব, শেয়ার, এফডিআর, সঞ্চয়পত্রসমূহের সুনির্দিষ্ট তথ্য;
- গাড়ির রেজিস্ট্রেশন নম্বর/প্রকার;
- ব্যবসা প্রতিষ্ঠানের অবস্থান, ধরন ও সুনির্দিষ্ট ঠিকানা; এবং
- দৃশ্যমাণ বৈধ আয়ের সাথে অসংগতিপূর্ণ জীবনযাপন সংক্রান্ত বিবরণ।

সরকারি অর্থ/সম্পদ আত্মসাৎ ও ক্ষতি সাধনের অভিযোগের ক্ষেত্রে নিম্নলিখিত তথ্য থাকা প্রয়োজন –

- আত্মসাৎকৃত অর্থ/সম্পদের পরিমাণ;
- আত্মসাৎ-এর সময়কাল
- আত্মসাৎ করার ধরন বা কৌশল পদ্ধতি ;
- কোন দায়িত্ব থেকে, কখন, কীভাবে আত্মসাৎ করেছেন; এবং
- আত্মসাতের সাথে আর কারা জড়িত থেকে কীভাবে আত্মসাতের সহযোগিতা করেছেন এর বিবরণ।

ক্ষমতার অপব্যবহার সংক্রান্ত ও অন্যান্য অভিযোগের ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি কখন কিভাবে ক্ষমতার অপব্যবহার করে লাভবান হয়েছে বা অন্যকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করেছে বা রাষ্ট্রীয় অর্থ-সম্পদের ক্ষতি করেছে তা সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক অভিযোগ দাখিল করা যেতে পারে। তবে অভিযোগ সুনির্দিষ্ট হতে হবে এবং তার সমর্থনে তথ্য ও উপাত্ত থাকতে হবে। ন্যূনতম পক্ষে নিম্নের তথ্যগুলো থাকা আবশ্যক :

- অভিযোগের বিররণ ও সংঘটিত হওয়ার সময়কাল;
- অভিযোগের সমর্থনে তথ্য উপাত্ত; এবং
- অভিযুক্ত ব্যক্তির নাম (পদবি যদি থাকে) ও পূর্ণ ঠিকানা।

অভিযোগ প্রাপ্তির পর কমিশন নিম্নের বিষয়সমূহ বিবেচনায় নিয়ে থাকে:

- অভিযোগটি দুদক আইন, ২০০৪-এর তফসিলভুক্ত অপরাধ কি-না;
- অভিযোগটি সুনির্দিষ্ট ও তথ্যভিত্তিক কি-না;
- অপরাধ সংঘটনের সময়কাল উল্লেখ করা হয়েছে কি-না;
- অভিযুক্ত ব্যক্তির অভিযোগের সাথে সংশ্লিষ্টতা;
- অভিযুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ আছে কি-না; এবং
- অভিযোগের গুরুত্ব ও ব্যাপকতা।

২.১.২. অভিযোগ এবং এর যাচাই – বাছাই পরবর্তী কার্যক্রমের পরিসংখ্যান

দুদকে অভিযোগ গ্রহণ ও যাচাই-বাছাইসংক্রান্ত বিষয়ে দায়িত্ব পালনের নিমিত্ত 'অভিযোগ যাচাই-বাছাই সেল' রয়েছে। এই সেল বিভিন্ন স্টেকহোল্ডার ও উৎস থেকে কমিশনে আসা অভিযোগগুলো যাচাই-বাছাই করে থাকে। ২০১৫ সালে দুদকে সামাজের বিভিন্ন শ্রেণির মানুষ এবং প্রতিষ্ঠানের কাছ থেকে ১০৪১৫টি এর অধিক অভিযোগ আসে, যার মধ্যে ১২৪০টি অনুসন্ধানের জন্যে গৃহীত হয় এবং ১৬৫টি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করা হয়। সারণি-১ এ ২০১৫ সনে প্রাপ্ত অভিযোগ এবং এর যাচাই-বাছাই পরবর্তী কার্যক্রমের পরিসংখ্যান উপস্থাপন করা হয়েছে।

প্রতিবেদনাধীন সময়ে কমিশন মোট ১২৪০ টি অভিযোগ গ্রহণ করে এবং ১৬৫টি অভিযোগ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সরাসরি দাখিলপূর্বক প্রতিকার চাওয়া হয়েছে।

সারণি - ১ : ২০১৫ সালে প্রাপ্ত অভিযোগ এবং এর যাচাই-বাছাই পরবর্তী কার্যক্রমের পরিসংখ্যান হয়েছে।

প্রাপ্ত অভিযোগের উৎস	প্রাপ্ত অভিযোগের সংখ্যা			অনুসন্ধানের জন্য গৃহীত অভিযোগের সংখ্যা			নথিভুক্ত অভিযোগের সংখ্যা	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ
	তফসিলভুক্ত	তফসিল বহির্ভূত	মোট	সম্পদ সংক্রান্ত	অন্যান্য	মোট		
সরাসরি কমিশন কর্তৃক গৃহীত (প্রধান কার্যালয়)								
জনসাধারণ	৭৯১২	২৯২	৮৭০৯	৯৯	৫৩৩	৬৩২	৭৯৩৩	১৪৪
বিভিন্ন সরকারি দপ্তর	২৮	-						
বিভিন্ন বেসরকারি দপ্তর	২৩৬	০৪						
পত্রিকা	১২৬	-						
বিজ্ঞ আদালত	১১১	-						
অন্যান্য	-	-						
মাঠপর্যায়ের কার্যালয় কর্তৃক গৃহীত								
কার্যালয়ের নাম	**তফসিলভুক্ত**	**আদালত হতে প্রাপ্ত**	**মোট**	**সম্পদ সংক্রান্ত**	**অন্যান্য**	**মোট**		
ঢাকা বিভাগীয় কার্যালয়	৩৭৬	১৭	১৭০৬	৩৪	৫৭৪	৬০৮	১০৩৭	২১
রাজশাহী বিভাগীয় কার্যালয়	২৪০	১৫২						
খুলনা বিভাগীয় কার্যালয়	১৭৯	৩১						
চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়	৩০২	৮৬						
বরিশাল বিভাগীয় কার্যালয়	৪৪	১০২						
সিলেট বিভাগীয় কার্যালয়	১৩৯	৩৮						

২.২ অনুসন্ধান

২.২.১ অনুসন্ধানের আইনগত ভিত্তি

তফসিলভুক্ত অপরাধসংক্রান্ত সুনির্দিষ্ট অভিযোগের অনুসন্ধান পরিচালনা কমিশনের প্রধান দায়িত্ব (দুদক আইন, ২০০৪ এর ১৭(ক) ধারা)। অনুসন্ধানের ফলাফলই দুর্নীতির অপরাধসমূহ বিচারের প্রাথমিক ধারণা। দুদক আইনের ১৯ ও ২০ ধারায় অনুসন্ধান কার্যক্রমে দুদককে বিশেষ ক্ষমতা অর্পণ করেছে। সে লক্ষ্যে দুদক তিনটি অনুবিভাগ (অনুসন্ধান ও তদন্ত অনুবিভাগ, বিশেষ অনুসন্ধান ও তদন্ত অনুবিভাগ এবং অনিষ্পন্ন বিষয়াদি, মানিলন্ডারিং ও পরিদর্শন অনুবিভাগ)-এর মাধ্যমে অনুসন্ধান সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করছে।

দুদক আইন, ২০০৪ এর ৩৫(১) ধারা অনুযায়ী কমিশন গঠনের তারিখ থেকে দুর্নীতি দমন ব্যুরো বিলুপ্ত হয়। ব্যুরো বিলুপ্তির সাথে সাথে দুদক আইনের ৩৮(৩) ধারা অনুযায়ী ব্যুরোর অনুসন্ধান, তদন্ত বা অনিষ্পন্ন বিষয়াদির অনুমোদনগুলো কমিশনের এখতিয়ারে চলে আসে, যা "অনিষ্পন্ন বিষয়াদি, মানিলন্ডারিং ও পরিদর্শন অনুবিভাগ"-এর মাধ্যমে সম্পাদিত হচ্ছে।

অনুসন্ধান ও তদন্ত অনুবিভাগ, এবং অনিষ্পন্ন বিষয়াদি অনুবিভাগের শাখা ও প্রশাখাসমূহ ৬ (ছয়)টি বিভাগীয় কার্যালয় ও ২২ (বাইশ)টি সমন্বিত জেলা কার্যালয়-কর্তৃক পরিচালিত মাঠ পর্যায়ের অনুসন্ধান কাজ তত্ত্বাবধান করে।

অনুসন্ধানের জন্য নির্ধারিত বিষয়গুলোর মধ্যে বিশেষায়িত ক্ষেত্রগুলো দেখে কমিশনের বিশেষ অনুসন্ধান ও তদন্ত অনুবিভাগ। অনুবিভাগটির আওতাধীন বিষয় হচ্ছে: অন্যান্য আর্থিক ও বাণিজ্যিক বিষয়ে অনুসন্ধান ও তদন্ত পরিচালনা, প্রাতিষ্ঠানিক দুর্নীতির অনুসন্ধান, ফাঁদ পেতে দুর্নীতিপরায়ণ ব্যক্তিকে ধরা এবং অন্যান্য বিশেষায়িত কার্যক্রম।

অনিষ্পন্ন বিষয়াদি, মানিলন্ডারিং ও পরিদর্শন অনুবিভগের জন্য কাজ হচ্ছে বিদ্যমান মানিলন্ডারিং আইনে অর্থপাচার সংক্রান্ত অভিযোগ এবং বিলুপ্ত ব্যুরোর অনিষ্পন্ন অভিযোগসমূহের অনুসন্ধান ও তদন্ত পরিচালনা করা।

২.২.২ কমিশন কর্তৃক গৃহীত অনুসন্ধান কার্যক্রমের পরিসংখ্যান

কমিশন পূর্ববর্তী বছরের বিপুল সংখ্যক অনিষ্পন্ন অনুসন্ধান পরিচালনায় হিমশিম খেয়েছে। পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন অনুসন্ধানসহ ২০১৫ সনে মোট অনুসন্ধানের সংখ্যা ছিল ৭৪৯৬টি। কমিশন ২০১৫ সনে ৪০৯৩টি অনুসন্ধান সাফল্যের সাথে নিষ্পত্তি করেছে। সম্পন্ন এসব অনুসন্ধানের উপর ভিত্তি করে কমিশন ৫২৭টি এজাহারও দায়ের করেছে। বাকি সম্পন্ন অনুসন্ধানগুলোর ফলাফল কমিশনের রেকর্ডের জন্য নথিভুক্ত করা হয়েছে। চিত্র-৩ এ ২০১৫ সনে কমিশনের অনুসন্ধান সম্পাদন ও এজাহার দায়েরের তুলনামূলক চিত্র দেখানো হয়েছে।

চিত্র-৩: ২০১৫ সালে অনুসন্ধান সম্পাদন ও এজাহার দায়েরের তুলনামূলক চিত্র



২.২.৩ বিভাগ-ভিত্তিক অনুসন্ধান

২০১৫ সনে পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন অনুসন্ধানসহ মোট ৩০৪১টি অনুসন্ধানের মধ্যে কমিশন ৬৯৩টি অনুসন্ধান সম্পন্ন করেছে, যার ফলে কমিশন একই সময়ে ৩৪৯টি এজাহার দায়ের করেছে। সারণি- ২ -এ ২০১৫ সনে দুদকের বিভাগ-ভিত্তিক কার্যক্রমের পরিসংখ্যান তুলে ধরা হয়েছে।

সারণি-২ : ২০১৫ সালে বিভাগ-ভিত্তিক অনুসন্ধান কার্যক্রমের পরিসংখ্যান

বিবরণ	ঢাকা	চট্টগ্রাম	রাজশাহী	খুলনা	সিলেট	বরিশাল	মোট
পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন অনুসন্ধানসহ মোট অনুসন্ধান	৯১৮	৬১৫	৭৭৩	২৬৫	১৭২	২৯৮	৩০৪১
নিষ্পত্তিকৃত অনুসন্ধানের সংখ্যা	২৯০	১১১	১৪৮	৭৭	৩৫	৩২	৬৯৩
অনসুন্ধানের উপর ভিত্তি করে দায়েরকৃত এজাহার সংখ্যা	১৩৮	৯৪	৭১	২৭	১১	০৮	৩৪৯
রেকর্ডের জন্যে নথিভুক্ত অনুসন্ধানের সংখ্যা	২০৯	৮২	৭৭	৫০	২৪	২৪	৪৬৬

* কোনো কোনো ক্ষেত্রে একটি অনুসন্ধান নথি থেকে একাধিক মামলা হয়েছে।

২.২.৪ বিশেষ অনুসন্ধান

২০১৫ সনে পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন অনুসন্ধানসহ মোট ১০৯৩টি অনুসন্ধানের মধ্যে কমিশন ২৯২টি অনুসন্ধান সম্পন্ন করেছে, যার ফলে কমিশন একই সময়ে ১২২টি এজাহার দায়ের করেছে। সারণি ৩-এ ২০১৫ সালে বিশেষ অনুসন্ধানে দুদকের কার্যক্রম তুলে ধরা হয়েছে।

সারণি ৩ : ২০১৫ সালে দুদকের বিশেষ অনুসন্ধান কার্যক্রমের পরিসংখ্যান

বিবরণ	সংখ্যা
পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন অনুসন্ধানসহ মোট অনুসন্ধান	১০৯৩
নিষ্পত্তিকৃত অনুসন্ধানের সংখ্যা	২৯২
অনসুন্ধানের উপর ভিত্তি করে দায়েরকৃত এজাহার সংখ্যা	১২২
রেকর্ডের জন্যে নথিভুক্ত অনুসন্ধানের সংখ্যা ও অন্যান্য	২২৫

* কোনো কোনো ক্ষেত্রে একটি অনুসন্ধান নথি থেকে একাধিক মামলা হয়েছে।

অর্থ পাচার অনুসন্ধান

২০১৫ সনে পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন মানি লন্ডারিং অনুসন্ধানসহ মোট ২৬২টি অনুসন্ধানের মধ্যে কমিশন ৭২টি অনুসন্ধান সম্পন্ন করেছে, যার ফলে কমিশন একই বছরে ৭৬টি এজাহার দায়ের করেছে। সারণি ৪-এ অর্থপাচার অনুসন্ধান পরিচালনা ও এসব অনুসন্ধানের ফলাফল বিষয়ে দুদকের কার্যক্রম সম্পর্কে একটি ধারণা প্রদান করা হয়েছে।

সারণি-৪ : ২০১৫ সনে দুদকের মানিলন্ডারিং (অর্থ পাচার) অনুসন্ধান কার্যক্রমের পরিসংখ্যান

বিবরণ	সংখ্যা
পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন অনুসন্ধানসহ মোট অনুসন্ধান	২৬২
নিষ্পত্তিকৃত অনুসন্ধানের সংখ্যা	৭২
অনসুন্ধানের উপর ভিত্তি করে দায়েরকৃত এজাহার সংখ্যা	৭৬
রেকর্ডের জন্যে নথিভুক্ত অনুসন্ধানের সংখ্যা ও অন্যান্য	৫১

* কোনো কোনো ক্ষেত্রে একটি অনুসন্ধান নথি থেকে একাধিক মামলা হয়েছে।

২.২.৫ অনিষ্পন্ন অনুসন্ধান

কমিশন গঠনের পর অনিষ্পন্ন, মানিলন্ডারিং ও পরিদর্শন অনুবিভাগ বিলুপ্ত ব্যুরোর অনিষ্পন্ন বিষয়গুলোর একটি তালিকা তৈরি করে। ২০১৫ সনে পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন অনুসন্ধানসহ মোট ৩৩৬২টি অনুসন্ধানের মধ্যে কমিশন ৩১০৮টি অনুসন্ধান সম্পন্ন করেছে, যার ফলে কমিশন একই বছরে ৫৬টি এজাহার দায়ের করেছে।

সারণি ৫: ২০১৫ সনে অনিষ্পন্ন অভিযোগসমূহ নিষ্পত্তিতে দুদকের কার্যক্রমের পরিসংখ্যান

বিবরণ	সংখ্যা
পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন অনুসন্ধানসহ মোট অনুসন্ধান	৩৩৬২
নিষ্পত্তিকৃত অনুসন্ধানের সংখ্যা	৩১০৮
অনুসন্ধানের উপর ভিত্তি করে দায়েরকৃত এজাহার সংখ্যা	৫৬
রেকর্ডের জন্যে নথিভুক্ত অনুসন্ধানের সংখ্যা	৩০৫২

সারণি ৫-এ দেখা যাচ্ছে, সম্পন্ন হওয়া অনুসন্ধানের উপর ভিত্তি করে মামলা দায়েরের সংখ্যা বেশ কম। এর কারণগুলোর মধ্যে রয়েছে - মামলা দায়েরে সহায়ক নথিপত্রের অপ্রাপ্যতা, অভিযোগের সত্যতা ও অনেক ক্ষেত্রে সাক্ষী খুঁজে না পাওয়া, অনুসন্ধান প্রক্রিয়ায় অভিযোগকারীর সহায়তা না করতে চাওয়া, অভিযোগ অথবা অভিযোগ সংশ্লিষ্টদের মৃত্যু প্রভৃতি। দেখা গেছে যে, সংশ্লিষ্ট অনেক প্রশাসনিক কার্যালয় দাপ্তরিক প্রক্রিয়ার অংশ হিসেবে নথিপত্র ধ্বংস করে ফেলেছে, যা বর্তমানে এসব অনুসন্ধান প্রমাণে আবশ্যক হয়ে দাঁড়িয়েছে।

২.৩ তদন্ত

২.৩.১ তদন্তের আইনগত ভিত্তি

দুর্নীতির অপরাধসমূহের তদন্ত পরিচালনা কমিশনের প্রধান সংবিধিবদ্ধ দায়িত্ব (দুদক আইন ২০০৪-এর ১৭(ক) ধারা)। তদন্তের ফলাফলই দুর্নীতির অপরাধসমূহ বিচারের ভিত্তি। দুদক আইনের ১৯ ও ২০ ধারায় তদন্ত কার্যক্রমে দুদককে বিশেষ ক্ষমতা অর্পণ করেছে। সে লক্ষ্যে, দুদক তিনটি অনুবিভাগের মাধ্যমে তদন্ত কার্যক্রম পরিচালনা করছে। অনুসন্ধান ও তদন্ত অনুবিভাগ, বিশেষ অনুসন্ধান ও তদন্ত অনুবিভাগ এবং অনিষ্পন্ন বিষয়াদি মানিলন্ডারিং ও পরিদর্শন অনুবিভাগকে কমিশনের তদন্তসংশ্লিষ্ট বিষয় দেখভালের দায়িত্ব অর্পণ করা হয়েছে।

অনুসন্ধান ও তদন্ত অনুবিভাগ এবং অনিষ্পন্ন বিষয়াদি অনুবিভাগের শাখা ও প্রশাখাসমূহ ছয়টি বিভাগীয় কার্যালয় ও ২২টি সমন্বিত জেলা কার্যালয়-কর্তৃক পরিচালিত মাঠ পর্যায়ের তদন্ত কাজ তত্ত্বাবধান করে। এছাড়াও এই অনুবিভাগ বিভিন্ন স্টেকহোল্ডার ও উৎস থেকে কমিশনে আসা মামলার তদন্ত করে থাকে। তদন্তের জন্যে নির্ধারিত বিষয়গুলোর মধ্যে বিশেষায়িত ক্ষেত্রগুলো দেখে কমিশনের বিশেষ অনুসন্ধান ও তদন্ত অনুবিভাগ।

২.৩.২ কমিশন কর্তৃক গৃহীত তদন্ত কার্যক্রমের পরিসংখ্যান

কমিশন পূর্ববর্তী বছরের বিপুল সংখ্যক অনিষ্পন্ন তদন্ত পরিচালনায় হিমশিম খেয়েছে। ২০১৫ সনে পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন তদন্তসহ মোট ৪৫৫৩টি তদন্তের মধ্যে কমিশন ১২৮১টি তদন্ত সম্পন্ন করেছে, যার ফলে কমিশন একই বছরে ৬১৪টি অভিযোগপত্র দাখিল করেছে। চিত্র-৪-এ ২০১৫ সালের তদন্ত সম্পাদনের সংখ্যা ও অভিযোগপত্র দাখিলের সংখ্যা দেখানো হয়েছে।

চিত্র-৪: ২০১৫ সালের তদন্ত সম্পাদনের সংখ্যা ও অভিযোগপত্র দাখিলের সংখ্যা



২.৩.৩ বিভাগভিত্তিক তদন্ত

২০১৫ সনে পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন তদন্তসহ মোট ৩৫০৯টি তদন্তের মধ্যে কমিশন ৭৮৪টি তদন্ত সম্পন্ন করেছে, যার ফলে কমিশন একই বছরে ৩৮৯টি অভিযোগপত্র দাখিল করেছে। সারণি ৬-এ ২০১৫ সনে বিভাগভিত্তিক তদন্ত সম্পাদন ও অভিযোগপত্র দাখিলসংক্রান্ত দুদকের কর্মতৎপরতা তুলে ধরা হয়েছে।

সারণি ৬: ২০১৫ সনে বিভাগভিত্তিক তদন্ত কার্যক্রমের পরিসংখ্যান

বিবরণ	ঢাকা	চট্টগ্রাম	রাজশাহী	খুলনা	সিলেট	বরিশাল	মোট
পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন তদন্তসহ মোট তদন্ত	১২৭১	৫৭৪	৭১৮	৪০৪	৩০৩	২৩৯	৩৫০৯
সম্পন্ন তদন্তের সংখ্যা	৩৩৪	১১২	১৪১	৮৪	৫২	৬১	৭৮৪
অভিযোগপত্র দাখিলের সংখ্যা	১৩৯	৫৬	৯৩	৪৬	২১	৩৪	৩৮৯
চূড়ান্ত প্রতিবেদন দাখিলের সংখ্যা	১৯৫	৫৬	৪৮	৩৮	৩১	২৭	৩৯৫

২.৩.৪ বিশেষ তদন্ত পরিচালনা

২০১৫ সনে পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন তদন্তসহ মোট ৪৪৩টি তদন্তের মধ্যে কমিশন ১৮৬টি তদন্ত সম্পন্ন করেছে, সম্পন্ন হওয়া এসব তদন্তের উপর ভিত্তি করে, কমিশন ২০১৫ সনে ১২১টি অভিযোগপত্র দাখিল করেছে। সারণি ৭-এ ২০১৫ সনে বিশেষ তদন্ত সম্পাদন ও অভিযোগপত্র দাখিলসংক্রান্ত দুদকের কর্মসম্পাদন চিত্র তুলে ধরা হয়েছে।

সারণি ৭: ২০১৫ সনে বিশেষ তদন্ত কার্যক্রমের পরিসংখ্যান

বিবরণ	সংখ্যা
পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন তদন্তসহ মোট তদন্ত	৪৪৩
সম্পন্ন তদন্তের সংখ্যা	১৮৬
অভিযোগপত্র দাখিলের সংখ্যা	১২১
চূড়ান্ত প্রতিবেদন দাখিলের সংখ্যা	৬৫

২.৩.৫ অর্থ পাচার তদন্ত

২০১৫ সনে পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন তদন্তসহ মোট ২০৬টি তদন্তের মধ্যে কমিশন ৮২টি তদন্ত সম্পন্ন করেছে, সম্পন্ন হওয়া এসব তদন্তের উপর ভিত্তি করে, কমিশন ২০১৫ সনে ৬৯টি অভিযোগপত্র দাখিল করেছে। সারণি ৮-এ ২০১৫ সনে অর্থ পাচারসংক্রান্ত তদন্ত সম্পাদন এবং এর ফলাফলের চিত্র তুলে ধরা হয়েছে।

সারণি ৮: এ ২০১৫ সনে অর্থ পাচার তদন্ত কার্যক্রমের পরিসংখ্যান

বিবরণ	সংখ্যা
পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন তদন্তসহ মোট তদন্ত	২০৬
সম্পন্ন তদন্তের সংখ্যা	৮২
অভিযোগপত্র দাখিলের সংখ্যা	৬৯
চূড়ান্ত প্রতিবেদন দাখিলের সংখ্যা	১৩

২.৩.৬ অনিষ্পন্ন অনুবিভাগের তদন্ত

কমিশন ২০১৫ সনে ৬০১টি অনিষ্পন্ন তদন্তের মধ্যে ৩১১টি সম্পন্ন করেছে এবং এর উপর ভিত্তি করে ১০৪টি অভিযোগপত্র দাখিল করেছে। সারণি ৯-এ ২০১৫ সনে অনিষ্পন্ন মামলাসমূহ তদন্তে দুদকের কার্যক্রম তুলে ধরা হয়েছে।

সারণি ৯: ২০১৫ সনে অনিষ্পন্ন অনুবিভাগের তদন্ত কার্যক্রমের পরিসংখ্যান

বিবরণ	সংখ্যা
পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন তদন্তসহ মোট তদন্ত	৬০১
সম্পন্ন তদন্তের সংখ্যা	৩১১
অভিযোগপত্র দাখিলের সংখ্যা	১০৪
চূড়ান্ত প্রতিবেদন দাখিলের সংখ্যা	২০৭

২.৩.৭ ফাঁদ সংক্রান্ত বিষয়াদি

কমিশনের তফসিলভুক্ত দুর্নীতিতে সম্পৃক্ত ব্যক্তিদের হাতে-নাতে ধরতে কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে। সরকারি কর্মকর্তা/কর্মচারী অথবা নির্বাচিত অথবা মনোনীত জনপ্রতিনিধি কোনো কাজের জন্য ঘুষ দাবি করলে ঘুষ প্রদানের পূর্বেই তথ্যটি দুদকের প্রধান কার্যালয় অথবা নিকটস্থ দুদক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করলে ঘুষ বা উৎকোচ গ্রহণকারীকে ফাঁদ পেতে হাতে-নাতে ধরার ব্যবস্থা গ্রহণ করা হয়। এসব অভিযানের উদ্দেশ্য হচ্ছে দেশে দুর্নীতির উৎসস্থলে দুর্নীতি প্রতিরোধ করা। সারণি ১০-এ ২০১৫ সনে ফাঁদের ঘটনাসমূহ তদন্তে দুদকের কার্যক্রম তুলে ধরা হয়েছে।

সারণি ১০: ২০১৫ সনে ফাঁদের ঘটনাসমূহ তদন্তে দুদকের কার্যক্রম

বিবরণ	সংখ্যা
বিগত বছরের অনিষ্পন্ন	০৪
বছরে গৃহীত তদন্তের সংখ্যা	০৪
পরিচালিত মোট তদন্ত	০৮
সম্পন্ন তদন্তের সংখ্যা	০৪
অভিযোগপত্র দাখিলের সংখ্যা	০৪
চূড়ান্ত প্রতিবেদন দাখিলের সংখ্যা	----

২.৪ প্রাতিষ্ঠানিক দুর্নীতির অনুসন্ধান ও তদন্ত

২.৪.১ প্রাতিষ্ঠানিক দুর্নীতির অনুসন্ধান ও তদন্তের প্রেক্ষাপট

বাংলাদেশ সরকারের সেবামূলক প্রতিষ্ঠানসমূহকে গতিশীল করতে হলে এসব প্রতিষ্ঠানে বিদ্যমান নানা অনিয়ম ও ঘুষ-দুর্নীতি দমন ও প্রতিরোধ করতে হবে। সরকারের বিভিন্ন দপ্তরে দুর্নীতির প্রসার ঘটে সাধারণত কাজের বিলম্ব ঘটিয়ে। জনগণ সরকারি প্রতিষ্ঠান থেকে নানা ধরনের সেবা গ্রহণ করে থাকেন।

দুদক মনে করে, স্বাধীনতার পর হতে জনপ্রশাসন থেকে দুর্নীতি দূর করার ক্ষেত্রে উল্লেখযোগ্য কোনো পরিবর্তন সূচিত হয়নি। তবে সরকারের বিভিন্ন মন্ত্রনালয় ও বিভাগের উর্ধ্বতন কর্মকর্তারা তাদের অধীন কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ বা কোনো প্রশাসনিক অনিয়ম খতিয়ে দেখতে আগের অবস্থার চেয়ে কঠোর নীতি অনুসরণ করছেন।

কমিশন উপজেলা, জেলা, মহানগর পর্যায়ে যে সকল দুর্নীতি বিরোধী মতবিনিময় সভা করেছে তা থেকে প্রাপ্ত সুপারিশের ভিত্তিতেই বেশ কিছু কর্মসূচি হাতে নিয়েছে। প্রাতিষ্ঠানিক দুর্নীতি প্রতিরোধ কার্যক্রম তেমনি একটি কর্মসূচি, যেখানে বিভিন্ন মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়সমূহের অধীন অধিদপ্তর, পরিদপ্তর, বিভাগসমূহের দুর্নীতি বন্ধ করার জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়। প্রথম পর্যায়ে বিভিন্ন মন্ত্রণালয় ও তাদের অধীন দপ্তর ও বিভাগসমূহে আলাদ-আলাদা দুর্নীতি প্রতিরোধসংক্রান্ত মতবিনিময় সভার আয়োজন করা হচ্ছে। মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাসহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীরা এবং অধিদপ্তর ও বিভাগসমূহে একইভাবে দপ্তর বা বিভাগীয় প্রধানসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে মতামত প্রদানের সুযোগ থাকে।

দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ অনুযায়ী দুর্নীতি প্রতিরোধের জন্যে প্রয়োজনীয় বিবেচিত যে কোনো কার্য সম্পাদনের ক্ষমতা দুর্নীতি দমন কমিশনের রয়েছে। ২০০৮ সাল থেকে দুদক দেশে প্রাতিষ্ঠানিক দুর্নীতির অনুসন্ধান ও তদন্ত শুরু করে। দেশের বিভিন্ন সেবাদানকারী প্রতিষ্ঠানে সেবাগ্রহীতাদের নানা অভিযোগের পরিপ্রেক্ষিতে সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানের দুর্নীতি দমন ও প্রতিরোধে কমিশনের চৌকস কর্মকর্তাদের সমন্বয়ে একাধিক প্রাতিষ্ঠানিক টিম গঠন করা হয়েছে। সুনির্দিষ্ট কার্য পরিধির মধ্যে কর্মকর্তাদের কার্য সম্পাদনের নির্দেশনা দেওয়া হয়েছে। মূলত প্রক্রিয়াগত যে সকল কারণে দুর্নীতির উদ্ভব হয় তা চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করে সেবা প্রদানের প্রক্রিয়া সহজতর করা, সরেজমিনে কার্যক্রম পরিদর্শনকালে দুর্নীতির কোনো ঘটনা গোচরীভূত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রাতিষ্ঠানিক টিমের মূল কাজ। উল্লেখ্য যে, ২০১৫ সনে নতুন টিম গঠন করে প্রাতিষ্ঠানিক টিমগুলো প্রতিস্থাপন করা হয়।

২.৪.২ কমিশন কর্তৃক গৃহীত প্রাতিষ্ঠানিক দুর্নীতির অনুসন্ধান কার্যক্রমের পরিসংখ্যান

কমিশন কর্তৃক গঠিত টিমসমূহ ২০১৫ সনে পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন অনুসন্ধানসহ মোট ৮৪টি অনুসন্ধানের মধ্যে কমিশন ২৪টি অনুসন্ধান সম্পন্ন করেছে, যার ফলে কমিশন একই সময়ে ৫টি এজাহার দায়ের করেছে এবং ১৯টি অভিযোগ নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করেছে। সারণি ১১-এ ২০১৫ সনে প্রাতিষ্ঠানিক দুর্নীতি অনুসন্ধানে দুদকের কার্যক্রমসংক্রান্ত পরিসংখ্যান প্রদান করা হয়েছে।

সারণি ১১: ২০১৫ সনে প্রাতিষ্ঠানিক দুর্নীতি অনুসন্ধানে প্রতিষ্ঠানভিত্তিক টিমগুলোর কার্যক্রমের পরিসংখ্যান

বিবরণ	সংখ্যা
পূর্ববর্তী বছরসমূহের অনিষ্পন্ন অনুসন্ধানসহ মোট অনুসন্ধান	৮৪
নিষ্পত্তিকৃত অনুসন্ধান	২৪
অনসুন্ধানের উপর ভিত্তি করে দায়েরকৃত এজাহার	০৫
রেকর্ডের জন্যে নথিভুক্ত অনুসন্ধান	১৯

২.৪.৩ কমিশন কর্তৃক গৃহীত প্রাতিষ্ঠানিক দুর্নীতির তদন্ত কার্যক্রমের পরিসংখ্যান

২০১৫ সনে কমিশন বিগত বছরের ৩৯টি অনিষ্পন্ন প্রাতিষ্ঠানিক দুর্নীতি তদন্তের সাথে আরও ০৫টি প্রাতিষ্ঠানিক দুর্নীতি তদন্ত কার্যক্রম হাতে নেয়। সর্বমোট ৪৪টি প্রাতিষ্ঠানিক দুর্নীতি তদন্তের মধ্যে কমিশন ২১টি প্রাতিষ্ঠানিক দুর্নীতি তদন্ত সম্পন্ন করেছে, যার ফলে কমিশন একই সময়ে ০৬টি অভিযোগপত্র দাখিল করেছে। সারণি ১২-এ ২০১৫ সনে প্রাতিষ্ঠানিক দুর্নীতি তদন্তে দুদকের কার্যক্রমসংক্রান্ত পরিসংখ্যান প্রদান করা হয়েছে।

সারণি ১২: ২০১৫ সালে প্রাতিষ্ঠানিক দুর্নীতি তদন্ত কার্যক্রমের পরিসংখ্যান

বিবরণ	সংখ্যা
বিগত বছরের অনিষ্পন্ন তদন্ত	৩৯
বছরে পরিচালিত তদন্ত	০৫
মোট তদন্ত	৪৪
তদন্ত সম্পন্ন	২১
অভিযোগপত্র দাখিল	০৬
চূড়ান্ত প্রতিবেদন দাখিল	১৫

২.৫ উল্লেখযোগ্য দুর্নীতি অনুসন্ধান ও তদন্ত কার্যক্রমসমূহ

কেস স্টাডি - ০১

বেসিক ব্যাংকের অর্থ আত্মসাৎ অনুসন্ধানের সংক্ষিপ্ত বিবরণ

১। অভিযোগের উৎস

জনৈক বেনামি অভিযোগকারী 'দুদক' এর বরাবরে সাদাকগজে লিখিত একটি অভিযোগ আবেদন ডাকযোগে প্রেরণ করেন। পত্রিকায় প্রকশিত সংবাদ-এর ক্লিপিংও ছিল অভিযোগটির অপর একটি উৎস। পরবর্তীকালে বাংলাদেশ ব্যাংক থেকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য একটি নিরীক্ষা প্রতিবেদন কমিশনে প্রেরণ করা হয়।

২। অনুসন্ধান টিম গঠন

বিগত ১৪-০৮-২০১৪ তারিখে অভিযোগটি অনুসন্ধানের জন্য ৪ সদস্যের একটি অনুসন্ধান টিম গঠন করা হয়। অনুসন্ধান সম্পন্ন করার জন্য টিমকে বিভিন্ন কার্য সম্পাদন করতে হয়।

৩। অনুসন্ধানের সময় গৃহীত পদক্ষেপসমূহ

অনুসন্ধানের সময় অনুসন্ধান দল অভিযোগটি সঠিক কি-না তা বের করার চেষ্টা করে। এজন্য টিম বাংলাদেশ ব্যাংক, বেসিক ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, গুলশান শাখা, দিলকুশা শাখা, শান্তিনগর শাখা, মেইনব্রাঞ্চ এবং অন্যান্য অফিস থেকে প্রয়োজনীয় রেকর্ডপত্র সংগ্রহ করে পর্যালোচনা করে। উক্ত টিম সংগৃহীত রেকর্ডপত্র পর্যবেক্ষণ করে। উক্ত পর্যালোচনার ভিত্তিতে টিম অভিযোগসংশ্লিষ্ট কমপক্ষে ১০০ লোককে জিজ্ঞাসাবাদ করে তাদের বক্তব্য রেকর্ড করে। ঘটনা সম্পর্কে আরো জানার জন্য টিম বেসিক ব্যাংকের সংশ্লিষ্ট অফিসসমূহ পরিদর্শন করে। অনুসন্ধানের সময় টিম বাংলাদেশ ব্যাংকসহ বিভিন্ন উৎস থেকে গোয়েন্দা তথ্য সংগ্রহ করে। কিন্তু প্রাথমিক অনুসন্ধান হওয়ায় টিম কোথাও থেকে কোনো কিছু জব্দ করেনি।

৪। পর্যবেক্ষণসমূহ

অনুসন্ধান টিম দেখল যে, ব্যাংক কর্মকর্তাগণ ও গ্রাহক প্রতিষ্ঠানের মালিকগণ ব্যাংকের টাকা লুট করে আত্মসাতের জন্য একটি সিন্ডিকেট গড়ে তুলেছে। অনুসন্ধান টিম লক্ষ করেছে যে, বিভিন্ন কোম্পানি/প্রতিষ্ঠানের মালিকগণ বিভিন্ন রকম ঋণ সুবিধা - যেমন: মেয়াদি ঋণ, ক্যাশ ক্রেডিট (হাইপো:), Loan Against Trust Receipt (LTR), Letter of Credit (LC) Limit-এর জন্য আবেদন করত। অনুসন্ধানকালে দেখা যায় যে, গ্রাহকগণ ব্যাংকে যেসব রেকর্ডপত্র দাখিল করত তার বেশিরভাগই জাল/ভুয়া। এমনকি বেশিরভাগ ক্ষেত্রে দাখিলকৃত বন্ধকী দলিলও ভুয়া বা অতি মূল্যায়িত। কিন্তু সংশ্লিষ্ট ব্যাংক কর্মকর্তাগণ সে-সব রেকর্ডপত্র যথাযথভাবে যাচাই-বাছাই করত না। কথিত ঋণগ্রহীতাগণ এতটাই প্রভাবশালী ছিল যে, তারা প্রধান কার্যালয়কে ম্যানেজ করে বিনা প্রশ্নে তাদের আবেদনগুলো অগ্রায়ণ করিয়েছে। প্রাপ্ত তথ্য প্রমাণ থেকে প্রতীয়মান হয়-শাখা এবং প্রধান কার্যালয়ের অসাধু ও অর্থলিপ্সু কর্মকর্তাদের সাথে অনৈতিক যোগসাজশে ঋণগ্রহিতাগণ তাদের কাঙ্ক্ষিত ঋণের মঞ্জুরী এবং পরিশোধ আদেশ অতি সহজে হস্তেগত করতে সক্ষম হয়। বেশিরভাগ ঋণ বিতরণের ক্ষেত্রে ব্যাংক কর্মকর্তাগণ তাদের ঋণনীতি ও অন্যান্য সার্কুলার লঙ্ঘন করেছেন। এমনকি ব্যাংক কর্মকর্তাগণ মঞ্জুরি পত্রের শর্তাবলিও পরিপালন করেননি। বেশিরভাগ ক্ষেত্রেই ঋণগ্রহীতাগণ গৃহীত ঋণের সদ্ব্যবহার করেনি। মনে হয় ঋণটা তারা এমনভাবে নিয়েছে যে ভবিষ্যতে আর ফেরত দিতে হবে না। যাই হোক, ঋণসুবিধাগুলোর চূড়ান্ত সুবিধাভোগী ছিলেন কোম্পানির মালিকগণ। অত্র কেলেঙ্কারীর সাথে প্রায় ৩ হাজার ৫০০ কোটি টাকা জড়িত। তবে দুদক অনুসন্ধান টিম কর্তৃক এ পর্যন্ত সম্পন্নকৃত ৫৬টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে অনুসন্ধানের ভিত্তিতে ৫৬টি মামলা রুজু করেছে যেগুলোর সাথে সংশ্লিষ্ট অর্থের পরিমাণ ২ হাজার ৩৬ কোটি, সুদসহ যার পরিমাণ ২ হাজার ৫৯০ কোটি।

৫। অনুসন্ধানের ফলাফল

সবশেষে অনুসন্ধান টিম ১২০জনের (ঋণ গ্রহীতা-৮২, ব্যাংকার-২৭ ও ভূমি জরিপকারী-১১) বিরুদ্ধে ৫৬টি পৃথক মামলা রুজুর সুপারিশসহ প্রতিবেদন দাখিল করে। দুদক কর্তৃপক্ষ সুপারিশে সন্তুষ্ট হয়ে ৫৬টি মামলা রুজুর অনুমোদন প্রদান করেন। পরবর্তীকালে টিম সংশ্লিষ্ট থানায় ৫৬টি মামলা রুজু করে। এটি ছিল টিমের প্রথম ধাপের কাজ।

৬। বেসিক ব্যাংক মামলার তদন্ত

দুর্নীতি দমন কমিশন দায়েরকৃত মামলাসমূহের তদন্তের জন্য ৭ জন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেছে। তদন্তকালে কর্মকর্তাগণ রেকর্ডপত্র জব্দ করেছেন, আসামিদেরকে গ্রেফতার করে জিজ্ঞাসাবাদ করেছেন, ঘটনাস্থল পরিদর্শন করেছেন এবং মামলাসমূহের তদন্তের জন্য করণীয় অন্যান্য কার্য সম্পন্ন করছেন। তদন্তকারী কর্মকর্তাগণ ইতোমধ্যে ২ জন ডিএমডি ও ২ জন জিএমসহ ৬ জন ব্যাংক কর্মকর্তাকে এবং ৪ জন ঋণগ্রহীতাকে গ্রেফতার করেছে। তাদের মধ্যে ১ জন ঋণগহীতা বিজ্ঞ আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। অন্য আসামীরা তাদের বক্তব্যে মামলাসংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করেছে, যা তদন্ত কর্মকর্তাগণ জব্দকৃত রেকর্ডপত্রের সাথে মিলিয়ে দেখছেন। তদন্ত কর্মকর্তাগণ আত্মসাৎকৃত অর্থের গতিপথ ও উক্ত অর্থের চূড়ান্ত সুবিধাভোগী কারা তা বের করার চেষ্টা করছেন। কোনো কোনো মামলায় ইতোমধ্যে তারা কিছু অর্থের গন্তব্য ও সুবিধাভোগীদের খুঁজে বের করতে পেরেছে। তদন্ত কর্মকর্তারা দেখেন যে, বেশীরভাগ মঞ্জুরকৃত ঋণ বিতরণের পরপরই তা আসামিগণ অন্য ব্যাংকের সন্দেহজনক হিসাবে স্থানান্তর করেছেন, যেখান থেকে নগদে উত্তোলনপূর্বক উক্ত অর্থ আত্মসাৎ করা হয়েছে। তদন্ত কর্মকর্তাগণ উক্ত ভুয়া/সন্দেহজনক হিসাবসমূহের পরিচালনাকারী কারা তা খোঁজার চেষ্টা করছেন। এ উদ্দেশ্যে ঐ সমস্ত ব্যাংক হিসাবের রেকর্ডপত্র সংগ্রহ করে উক্ত হিসাবসমূহের পরিচয়দানকারী ও হিসাবসমূহ খোলার সাথে জড়িত কর্মকর্তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

কেস স্টাডি - ০২

মতিঝিল থানা (ডিএমপি), মামলা নং-৭, তারিখ: ০৯-০২-২০১৫

এবি ব্যাংক লিঃ-এর মতিঝিল শাখার ব্যবস্থাপক জনাব আবু সালেহ মোঃ আব্দুল মাজেদ এবং মহাখালী শাখার শাখা ব্যবস্থাপক এএলএম বদিউজ্জামান ও ওয়ান থ্রেড এন্ড একসেসরিজ ইন্ডা ও বুশরা এসোসিয়েটস-এর প্রোপ্রাইটর/মালিক জনাব খন্দকার মেহমুদ আলম (নাদিম) পরস্পর যোগসাজশে পরিকল্পিতভাবে মহাখালী ও মতিঝিল শাখায় যথাক্রমে বুশরা এসোসিয়েটস ও ওয়ান থ্রেড এন্ড একসেসরিজ ইন্ডা নামে ২টি হিসাব খোলেন। পরবর্তীতে অর্থ আত্মসাৎ এর লক্ষ্যে তাদের সাধারণ ও অপরাধমূলক অভিপ্রায় চরিতার্থ করার জন্য তারা প্রতারণামূলক কৌশল গ্রহণ করে। তারা উদ্দেশ্যমূলকভাবে ব্যাংকের যাবতীয় নিয়ম-নীতি ভঙ্গ করে ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে ভূয়া রেকর্ডপত্রের ভিত্তিতে প্রধান কার্যালয়ের অনুমতি গ্রহণ ব্যতিরেকে ২০% মার্জিনের পরিবর্তে ১.২% মার্জিন নিয়ে একই মালিকানাধীন ২টি প্রতিষ্ঠানকে ক্রেতা-বিক্রেতা সাজিয়ে ১১টি এলসি খুলে যথারীতি বিল দাখিল, একসেপটেন্স প্রদান এবং এর বিপরীতে আইবিপি ভাউচার প্রস্তুত করে ব্যাংকের ৩,৮৮,৭৮,০০০.০০ টাকা উত্তোলনপূর্বক আত্মসাৎ করেন। এ সম্পর্কে এলসি সম্পর্কিত রেকর্ড পর্যালোচনায় দেখা যায় যে, মহাখালী শাখার তৎকালীন শাখা ব্যবস্থাপক এ.এল.এম. বদিউজ্জামান, তৎকালীন প্রিন্সিপাল অফিসার মোঃ ফারুক আহম্মদ ভূইয়া ব্যাংকিং নরমস (Norms) অনুযায়ী এলসি খোলার ক্ষেত্রে প্রতিষ্ঠানের অনুকূলে লায়াবিলিটি ভাউচার না ছেড়ে, সিআইবি রিপোর্ট গ্রহণ না করে, এলসি রেজিষ্টারে এন্ট্রি না দিয়ে, এলসি কমিশন আদায় না করে ব্যাংকিং সার্কুলার নং ১৪/২০০১ এবং ১০/২০০৬ ভঙ্গ করে ২০% মার্জিনের স্থলে ১.২% মার্জিনে এলসি খোলেন। পরবর্তীকালে তৈরিকৃত শিপিং ডকুমেন্টসে ডেলিভারি চালান/ট্রাক-রিসিট এ দেখা যায় যে, ট্রাক নং ৯৪০৬-এর মাধ্যমে ১১টি এলসি'র প্রতিটি চালানে ২০,০০০ কেজি থেকে সর্বোচ্চ ৩০,০০০ কেজি সুতা সরবরাহ করা হয়, যা বাস্তবে অসম্ভব। এলসিতে সুতা সরবরাহের স্থান হিসেবে এলসি এপ্লিকেশনে এর সোনারগাঁস্থ কারখানার কথা বলা হলেও বিল ডকুমেন্টস বিশেষত ডেলিভারি চালান/ট্রাক-রিসিট ও কমার্শিয়াল ইনভয়েসে সুতা সরবরাহের স্থান হিসেবে সোনারগাঁস্থ কারখানার কথা উল্লেখ করা হয়নি বরং কর্মাশিয়াল ইনভয়েসদৃষ্টে প্রতীয়মান হয় যে, সুতা বাড়ি নং ১৯, রোড নং ৫৫, গুলশান-২ থেকে বাড়ি নং ১৯, রোড নং ৫৫, ফ্ল্যাট সি-৩, গুলশান-২, ঢাকায় সরবরাহ করা হয়েছে। একোমোডেশন বিলের উল্লিখিত উপাদান থাকা সত্ত্বেও মতিঝিল শাখার তৎকালীন শাখা ব্যবস্থাপক আবু সালেহ মোঃ আব্দুল মাজেদ উক্ত বিল ডকুমেন্টস/শিপিং ডকুমেন্টস একসেপ্টেন্সের জন্য এবি ব্যাংক লিঃ, মহাখালী শাখা, ঢাকায় প্রেরণ করেন এবং পরবর্তীকালে মহাখালী শাখার একসেপটেন্সের ভিত্তিতে আইবিপি ভাউচারের মাধ্যমে বিলমূল্য ৫,৪৬,০০,০০০/- টাকা শাখার আইবিপি হিসাব থেকে শাখার গ্রাহক ওয়ান থ্রেড এন্ড একসেসরিজ ইন্ডা-এর হিসাবে স্থানান্তর করেন, যা পরবর্তীকালে প্রতিষ্ঠানটির মালিক খন্দকার মাহমুদ আলম (নাদিম) বিভিন্ন সময়ে উত্তোলন করেন। ব্যাংক সার্কুলারে একোমোডেশন বিল সম্পূর্ণ নিষিদ্ধ থাকা সত্ত্বেও একোমোডেশন বিলের বিপরীতে সৃষ্ট/ভুয়া কাগজপত্রের মাধ্যমে প্রস্তুতকৃত বিলের কাগজ পত্রের সত্যতা যাচাই, মালামাল সরবরাহ, ফ্যাক্টরির অস্তিত্ব, ব্যবসায়িক কার্যক্রম সম্পর্কে তথ্য সংগ্রহ না করে ক্ষমতার অপব্যবহারপূর্বক পরস্পর লাভবান হওয়ার লক্ষ্যে জনাব খন্দকার মেহমুদ আলম (নাদিম), এএলএম বদিউজ্জামান, মোঃ ফারুক আহম্মদ ভূইয়া ও জনাব আবু সালেহ্ মোঃ আব্দুল মাজেদ পরস্পর যোগসাজশে আইবিপি খাতে ৫,৪৬,০০,০০০/- টাকা দায় সৃষ্টিপূর্বক উত্তোলন করে আত্মসাৎ করেন। পরবর্তীকালে বিষয়টি ধামাচাপা দেওয়ার জন্য এবি ব্যাংক লিঃ, মতিঝিল শাখা, ঢাকার শাখা ব্যবস্থাপক আবু সালেহ্ মোঃ আব্দুল মাজেদ পুনরায় বিভিন্ন গ্রাহকের হিসাব থেকে ক্ষমতার অপব্যবহারপূর্বক ব্যাংকের নিয়মনীতির তোয়াক্কা না করে উক্ত টাকা প্রথমে সমন্বয় ও পরবর্তীকালে রির্ভাস করে ৪,৬০,০০,০০/- টাকা আইবিপি খাতে পুনরায় দায় সৃষ্টি করেন। সর্বশেষে উক্ত হিসাবে পরিকল্পিতভাবে ৮১.১১ লক্ষ টাকা জমা দিয়ে ৩,৭৮,৮৮,০০০.০০ টাকার দায় সৃষ্টি করা হয়, যা বর্তমানে সুদ ও অন্যান্য চার্জ বাবদ অভিযোগপত্র দাখিলের সময় পর্যন্ত ৮,৯৭,০০,০০০.০০ টাকায় পরিণত হয়। দুদকের উপসহকারী পরিচালক মুহাম্মদ জয়নাল আবেদীন মামলাটি তদন্তপূর্বক বিজ্ঞ আদালতে চার্জশিট দাখিল করেছেন। মামলাটি বর্তমানে বিচারের জন্য অপেক্ষমাণ রয়েছে।

কেস স্টাডি - ০৩

সূত্র : রমনা (ডিএমপি) থানা মামলা নং ৪৩, তারিখ: ১৯/১০/২০০৯ ইং

ধারা: মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯-এর ৪ ধারা।

অভিযোগ

ভারতীয় নাগরিক জনাব তারিক আব্দুল জব্বার প্যাটেল হুন্ডি ব্যবসা করতেন। বিগত ১৮/০৩/২০০৯ তারিখে তিনি ২১,৮০,০০০/- টাকা অবৈধভাবে বহনের সময় রমনা থানা পুলিশের হাতে গ্রেফতার হন। পুলিশ তাঁর বিরুদ্ধে রমনা থানা জিডি (সাধারণ ডায়েরি) নং ১৩১৩, তারিখ: ১৮/০৩/০৯ রুজু করে এবং তাকে আদালতে চালান দেয়। অভিযোগটির উপর প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য দুদকে প্রেরণ করা হয়। পরবর্তীকালে আইনি কার্যক্রমের জন্য কমিশন অভিযোগটি আমলে নেয়।

মামলা রুজুর পটভূমি

বিগত ১৮/০৩/২০০৯ তারিখে মুদ্রা পাচারকারী অভিযোগসংশ্লিষ্ট জনাব তারিক আব্দুল জব্বার প্যাটেলকে রমনা থানা পুলিশ হুন্ডির ২১,৮০,০০০/- টাকাসহ গ্রেফতার করে। গ্রেফতারকালে জনাব তারিক বাংলাদেশে অবৈধ হুন্ডি ব্যবসায় নিয়োজিত আছেন এবং তাঁর নিকট থেকে উদ্ধারকৃত টাকা হুন্ডির টাকা মর্মে স্বীকার করেন। পুলিশ তার দেহ তল্লাশি করে বাংলাদেশী জাল একটি জাতীয় পরিচয়পত্র উদ্ধার করে। যে পরিচয়পত্রে তাঁর স্থায়ী ঠিকানা দেওয়া আছে চট্টগ্রামের লাভ লেইন। পুলিশ তাঁর বিরুদ্ধে জিডি নং ১৩১৩, তারিখ: ১৮/০৩/০৯ রুজু করে তাকে ফৌঃ কাঃ বিধির ৫৪ ধারায় গ্রেফতার দেখিয়ে আদালতে চালান দেয়। পরবর্তীতেকালে জিডির উপর প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অভিযোগটি দুদকে প্রেরণ করা হয়। ২৪/০৫/০৯ তারিখে দুদক উপপরিচালক শেখ মোঃ ফানাফিল্যাকে অনুসন্ধানকারী কর্মকর্তা নিয়োগ করে। অনুসন্ধান শেষে তিনি ০২/০৭/০৯ তারিখে অভিযোগসংশ্লিষ্ট জনাব তারিক আব্দুল জব্বার প্যাটেলের বিরুদ্ধে মামলা রুজুর সুপারিশসহ অনুসন্ধান প্রতিবেদন দাখিল করেন। দুদকের অনুমোদনক্রমে রমনা থানা মামলা নং ৪৩ (২০০৯) রুজু করা হয়।

তদন্ত

দুদক ১৭/১১/০৯ তারিখে উপপরিচালক শেখ মোঃ ফানাফিল্যাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করে। তিনি ১৭/১১/০৯ তারিখে মামলার তদন্তভার গ্রহণ করেন। তদন্তকালে ঘটনাস্থল পরিদর্শনসহ সংশ্লিষ্ট রেকর্ডপত্র জব্দ এবং ১০জন সাক্ষীর বক্তব্য রেকর্ড করেন। বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম সিটি করপোরেশন এবং নির্বাচন কমিশন সচিবালয় থেকে তথ্য প্রমাণ সংগ্রহ করেন। তদন্তকারী কর্মকর্তা গত ৩১/১২/০৯ তারিখে দুদক কর্তৃপক্ষ বরাবরে আসামির বিরুদ্ধে চার্জশিট দাখিলের সুপারিশসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

তদন্তের ফলাফল

ভারতীয় নাগরিক আসামি জনাব তারিক আব্দুল জব্বার প্যাটেল বাংলাদেশে বসে অবৈধ হুন্ডি ব্যবসায় নিয়োজিত ছিলেন। তাঁর নিকট থেকে উদ্ধারকৃত ২১,৮০,০০০/- টাকা অবৈধ হুন্ডির টাকা। এ ছাড়াও তিনি প্রতারণা ও জালিয়াতির সাথেও জড়িত ছিলেন। তাঁর নিকট থেকে উদ্ধারকৃত জাতীয় পরিচয়পত্র জাল মর্মে প্রমাণিত হয়েছে। তদন্তকারী কর্মকর্তা জনাব তারিকের বিরুদ্ধে মানিলন্ডারিং প্রতিরোধ আইন ২০০৯-এর ৪ ধারা এবং দণ্ডবিধির ৪২০ ধারায় বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের সুপারিশ করেন। দুদক স্মারক নং ৩৫৮১, তারিখ: ২৮/০২/১০ মূলে আসামির বিরুদ্ধে বিচারার্থে মঞ্জুরি জ্ঞাপন করা হয়। তদন্তকারী কর্মকর্তা রমনা থানার চার্জশিট নং ১০৩, তারিখ: ০৭/০৩/২০১০-এ বিজ্ঞ আদালতে দাখিল করেন।

বিচার

মামলাটির বিচার হয় বিজ্ঞ বিশেষ জজ আদালত নং ২, ঢাকায়। বিজ্ঞ আদালত ২৩/১১/২০১১ তারিখে মামলাটিতে চার্জ গঠন করেন এবং ২৩/০২/২০১৫ তারিখে রায় প্রদানের মাধ্যমে মামলার বিচার কার্যক্রম শেষ করেন।

রায়

অভিযুক্ত তারিক আব্দুল জব্বার প্যাটেলকে দণ্ডবিধির ৪২০ ধারা এবং মানিলন্ডারিং প্রতিরোধ আইন-২০০৯-এর ৪(২) ধারায় দোষী সাব্যস্ত করে ১০ বছরের সশ্রম কারাদণ্ড, ৪৩,৬০,০০০/- টাকা জরিমানা এবং ২১,৮০,০০০/- টাকা রাষ্ট্রের বরাবরে বাজেয়াপ্তের আদেশ প্রদান করা হয়।

কেস স্টাডি - ০৪

প্রাথমিক অনুসন্ধানের পর অনুসন্ধানকারী কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে দুর্নীতি দমন কমিশন এ কে এম শফিকুল আহসানকে তার নিজের এবং স্ত্রীসহ পরিবারের অন্যান্য সদস্য বা তার পক্ষে অন্য নামে থাকা সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তির এবং উক্তরূপ সম্পত্তি অর্জনের উৎস সম্পর্কিত বিবরণ দাখিলের নির্দেশ প্রদান করে। এ পরিপ্রেক্ষিতে এ কে এম শফিকুল আহসান তাঁর সম্পদ বিবরণী দুর্নীতি দমন কমিশনে দাখিল করেন। অতঃপর তার দাখিলকৃত সম্পদ বিবরণী অনুসন্ধান করে অভিযোগসংশ্লিষ্ট এ কে এম শফিকুল আহসানের বিরুদ্ধে অবৈধভাবে উপার্জিত ৩৫,০০,০০০/- (পয়ত্রিশ লক্ষ) টাকার সম্পদ দাখিলকৃত সম্পদ বিবরণীতে গোপনপূর্বক মিথ্যা তথ্য প্রদান এবং জ্ঞাত আয় বহির্ভূত ১,৭০,১২,৬৮৩ (এক কোটি সত্তর লক্ষ বার হাজার ছয়শত তিরাশি) টাকার অবৈধ সম্পদ নিজ/পোষ্যের দখলে রেখে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ২৬(২) এবং ২৭(১) ধারায় শাস্তিযোগ্য অপরাধ করার দায়ে বর্ণিত ধারায় রমনা থানায় একটি মামলা রুজু করা হয়।

তদন্তকালে দেখা যায়, আসামির নিকট বৈধ উৎসের অর্থের পরিমাণ ৭৬,১৪,৪৩৫/- টাকা। অন্যদিকে আসামি এ কে এম শফিকুল আহসান কর্তৃক দুর্নীতি দমন কমিশনে দাখিলকৃত সম্পদ বিবরণীতে তাঁর নামীয় প্লটের/জমির সম্পর্কে পরিপূর্ণ তথ্য দেননি। কেননা উক্ত প্লটের/জমির মূল্য ৩৫,০০,০০০/- টাকা পরিশোধ হওয়া সত্ত্বেও তিনি সেসব তথ্য দুর্নীতি দমন কমিশনে দাখিলকৃত সম্পদ বিবরণীতে গোপন করে মিথ্যা তথ্য প্রদান করেছেন। এতে দেখা যায়, আসামি এ কে এম শফিকুল আহসান কর্তৃক দুর্নীতি দমন কমিশনে সম্পদ বিবরণী দাখিল করা পর্যন্ত সময়ে অর্জিত মোট স্থাবর ও অস্থাবর সম্পদের পরিমাণ ২,৪৬,২৭,১১৮/- টাকা। এর বিপরীতে আসামির বৈধ উৎসের অর্থের মোট পরিমাণ, ৭৬,১৪,৪৩৫/- টাকা। অতএব (২,৪৬,২৭,১১৮/- − ৭৬,১৪,৪৩৫/-) টাকা = ১,৭০,১২,৬৮৩ (এক কোটি সত্তর লক্ষ বার হাজার ছয়শত তিরাশি) টাকার জ্ঞাত আয় বহির্ভূত অবৈধ সম্পদ আসামির দখলে রয়েছে, যা তদন্তকালে প্রমাণিত হয়েছে।

কমিশনের উপপরিচালক জনাব এস এম এম আখতার হামিদ ভূঞা অভিযোগটির অনুসন্ধান ও মামলার তদন্ত কার্যক্রম সম্পন্ন করেন। পরিশেষে আসামি এ কে এম শফিকুল আহসান-এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৬(২) এবং ২৭(১) ধারায় বিচারকার্য পরিচালনার লক্ষ্যে বিজ্ঞ আদালতে চার্জশিট দাখিল করা হয়। বর্তমানে মামলাটি বিজ্ঞ বিশেষ জজ আদালতে বিচারাধীন আছে।

২.৬ প্রসিকিউশন

২.৬.১ মামলা পরিচালনার আইনগত ভিত্তি

দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪-এর ধারা ১৭(খ) অনুযায়ী কমিশন তফসিলভুক্ত অপরাধসমূহের অনুসন্ধান ও তদন্ত পরিচালনার উপর ভিত্তি করে মামলা দায়ের ও মামলা পরিচালনা করতে পারে। দুর্নীতির অপরাধ হিসেবে সাব্যস্ত হওয়ার জন্য তফসিলে ২০০৪ সালের দুর্নীতি দমন কমিশন আইন; ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইন; মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২; ১৮৬০ সালের দণ্ডবিধির (পেনাল কোড) ১৬১-১৬৯, ২১৭, ২১৮, ৪০৮, ৪০৯, ৪২০, ৪৬২(ক), ৪৬২(খ), ৪৬৭, ৪৬৮, ৪৬৯, ৪৭১ ও ৪৭৭ক ধারায় বর্ণিত অপরাধসমূহ ও ১০৯ ধারা (দুষ্কর্মে সহায়তা), ১২০খ ধারা (দুষ্কর্মের ষড়যন্ত্র) এবং ৫১১ ধারা (দুষ্কর্মের প্রচেষ্টা) এবং এই ধারার (ক), (খ) বা (গ) উপধারাসংশ্লিষ্ট সংঘটিত যে কোনো অপরাধকে নির্দেশ করা হয়েছে।

দুদক আইন ২০০৪-এর ৩২ (ক) ধারা অনুযায়ী এসব অপরাধের বিরুদ্ধে মামলা দায়েরের অনুমতি প্রদানের সম্পূর্ণ কর্তৃত্ব কমিশনের উপর ন্যস্ত করা হয়েছে। দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪-এর ২৮(১) ধারা মোতাবেক একজন বিশেষ বিচারক দুর্নীতির অপরাধগুলোর বিচার করে যাবে। ফৌজদারি বিধি (সংশোধন আইন), ১৯৫৮-এর ২৮(২) ধারায় বলা আছে, উপধারা ৬ (৫) ব্যতিরেকে ৬ নং ধারাটি দুর্নীতি মামলার আপিলের ক্ষেত্রে প্রযোজ্য হবে। কিন্তু ফৌজদারি বিধি সংশোধন আইন ১৯৫৮ ও দুদক আইন, ২০০৪-এর মধ্যে কোনো দ্বন্দ্ব দেখা দিলে দুর্নীতি দমন আইনের বিধানাবলি প্রযোজ্য হবে (দুদক আইনের ২৮(৩) ধারা)।

আইন শাখা আইনসংক্রান্ত বিষয়াবলি তত্ত্বাবধানের কাজে নিয়োজিত এবং এটি দুর্নীতি-দমন মামলার হালনাগাদ তথ্যাদি কমিশনের কাছে জমা দেয়। একজন মহাপরিচালকের অধীনে পরিচালিত অনুবিভাগটি লিগ্যাল ও প্রসিকিউশন নামে দুটি আলাদা শাখার মাধ্যমে দু'জন পরিচালক তত্ত্বাবধান করেন।

দুদক আইন ২০০৪ অনুযায়ী কমিশনের পর্যাপ্ত সংখ্যক প্রসিকিউটরসহ নিজস্ব প্রসিকিউশন ইউনিট থাকতে পারবে, যাঁরা বিশেষ আদালতে মামলা পরিচালনা করবেন (ধারা ৩৩(ক))। বর্তমানে বিশেষ জজ আদালতে ও বাংলাদেশের সুপ্রীম কোর্টে কমিশনের পক্ষে দুর্নীতির মামলা লড়ার জন্য কমিশন আলাদা প্যানেলে চুক্তিভিত্তিক আইনজীবী নিয়োগ করে থাকে। ১৩ সদস্যের প্যানেলের আইনজীবীদের 'পাবলিক প্রসিকিউটর' বলা হয়, যাঁরা ঢাকার ১৩ টি বিশেষ জজ আদালতে দায়িত্ব পালন করছেন। এছাড়া ঢাকা বিভাগে ৬০জন, চট্টগ্রামে ৩৫জন, রাজশাহী ও রংপুর বিভাগে ৫০জন, খুলনায় ২৬জন, বরিশালে ১৯জন, এবং সিলেটে ১৯জন আইনজীবী কমিশনের হয়ে কাজ করছেন।

২.৬.২ বিচারিক আদালতে মামলা পরিচালনা

২০১৫ সনের ডিসেম্বর নাগাদ বিশেষ জজ আদালতে ৩০৬টি মামলা নিষ্পত্তি হয়েছে, যার মধ্যে ১৮৮টি (৬১%) কমিশনের দায়েরকৃত মামলা এবং বাকি ১১৮টি (৩৯%) বিলুপ্ত দুর্নীতি দমন ব্যুরো থেকে আসা মামলা। দুদকের দায়েরকৃত মামলাগুলোতে সাজার হার ৩৭% (প্রায়) এবং বিলুপ্ত দুর্নীতি দমন ব্যুরোর মামলাগুলোতে সাজার হার ২৫% (প্রায়)। সারণি ১৩-তে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত বিশেষ জজ আদালতে বিচার্য দুর্নীতির মামলার একটি পরিসংখ্যান প্রদান করা হয়েছে।

সারণি ১৩: ২০১৫ সনে বিশেষ জজ আদালতে বিচার্য দুর্নীতির মামলার পরিসংখ্যান

বিবরণ	দুদকের মামলা	বিলুপ্ত ব্যুরোর মামলা	সর্বমোট
বিচারাধীন মামলার সংখ্যা	৩০৯৭	১০৮০	৪১৭৭
বিচার চলমান মামলার সংখ্যা	২৬৬০	৬৯৭	৩৩৫৭
স্থগিত মামলার সংখ্যা	৪৩৭	৩৮৯	৮২৬
নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	১৮৮	১১৮	৩০৬
শাস্তি হওয়া মামলার সংখ্যা	৬৯	৩০	৯৯
খালাস পাওয়া মামলার সংখ্যা	১১৯	৮৮	২০৭

ঢাকার বিশেষ জজ আদালত ২০১৫ সনে ৯০টি দুর্নীতির মামলা নিষ্পত্তি করেছে। নিষ্পত্তিকৃত মামলাগুলোর মধ্যে দুদকের দায়েরকৃত মামলার হার ৭১% এবং বাকিগুলো (২৯%) বিলুপ্ত দুর্নীতি দমন ব্যুরোর মামলা। একই সময়ে ঢাকার বাইরের বিশেষ জজ আদালতগুলো ২১৬টি মামলা নিষ্পত্তি করেছে। সেখানকার চিত্রও প্রায় ঢাকার অনুরূপ - বিলুপ্ত ব্যুরোর মামলা নিষ্পত্তির সংখ্যা ৯২টি (৪৩%)। সারণি ১৪-এ ঢাকা ও ঢাকার বাইরের বিশেষ আদালতসমূহ কর্তৃক দুর্নীতির মামলাগুলো নিষ্পত্তি ও শাস্তি প্রদানের পরিসংখ্যান প্রদান করা হলো। চিত্র ৫-এ ঢাকা ও ঢাকার বাইরের বিশেষ জজ আদালত কর্তৃক দুর্নীতির মামলায় শাস্তি প্রদানের হারের একটি তুলনামূলক চিত্র প্রদান করা হয়েছে।

সারণি ১৪: ২০১৫ সালে ঢাকা ও ঢাকার বাইরের বিশেষ আদালতসমূহ কর্তৃক দুর্নীতির মামলাগুলো নিষ্পত্তি ও শাস্তি প্রদানের পরিসংখ্যান

বিবরণ		সংখ্যা		
		দুদকের মামলা	বিলুপ্ত ব্যুরোর মামলা	সর্বমোট
ঢাকা	নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	৬৪	২৬	৯০
	শাস্তি প্রদানকৃত মামলার সংখ্যা	৩৮	০৫	৪৩
ঢাকার বাইরে	নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	১২৪	৯২	২১৬
	শাস্তি প্রদানকৃত মামলার সংখ্যা	৩১	২৫	৫৬

চিত্র-৫: ২০১৫ সালে ঢাকা ও ঢাকার বাইরের বিশেষ জজ আদালত কর্তৃক দুর্নীতির মামলায় শাস্তি প্রদানের তুলনামূলক চিত্র



২.৬.৩ উচ্চতর আদালতে মামলা পরিচালনা

বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগে দুদকের পক্ষে মামলা পরিচালনার জন্যে কমিশন ৫৮জন আইনজীবীকে নিযুক্ত করেছে। তাদের মধ্যে ১১জন নারী আইনজীবী। এছাড়া ০৫জন আইনজীবীকে কমিশন আপিল বিভাগে 'এডভোকেট অন রেকর্ড' হিসেবে নিযুক্ত করেছে। কমিশন ও সুপ্রীম কোর্টের মধ্যে সমন্বয় রক্ষার জন্য ০২ জন আইনজীবী সুপ্রীম কোর্ট সেল-এ কাজ করছেন। সারণি ১৫-এ সুপ্রীম কোর্টে পরিচালিত দুদকের মামলাসমূহের বিভিন্ন কার্যক্রমের পরিসংখ্যান প্রদান করা হয়েছে।

সারণি ১৫: সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ফৌজদারি/ রিট/ আপিল মামলার পরিসংখ্যান

বিবরণ	২০১৫			স্থগিতাদেশ ইস্যু	স্থগিতাদেশ প্রত্যাহার	স্থগিতাদেশ বিদ্যমান
	পূর্ববর্তী বছরের জের	২০১৫ সালে দাখিলকৃত	মোট			
ফৌজদারি বিবিধ মামলার সংখ্যা	৯৯৬	২০৫	১২০১	৪৪৮	২৩০	২১৮
রিট আবেদনের সংখ্যা	১২৭৭	৪৫	১৩২২	৪৩৪	৩০৮	১৭৩
ফৌজদারি আপিল মামলার সংখ্যা	২২৩	৭১	২৯৪	৯৭	৪২	৫০
ফৌজদারি পুনর্বিবেচনা মামলার সংখ্যা	২৪৮	৫৬	৩০৪	৯৬	৭০	২৬

দুর্নীতি দমন কমিশন
দু দ ক

অধ্যায় ৩

দুর্নীতি প্রতিরোধ

ভূমিকা

দুর্নীতি বিরোধী সুদূরপ্রসারী কর্মসূচি

দুর্নীতি প্রতিরোধ

৩.১ ভূমিকা

জনসেবায় নৈতিকতার উন্নয়ন, গণসচেতনতা সৃষ্টি ও সেবার মান ও উত্তম চর্চার উন্নয়নে কমিশন দুর্নীতির বিরুদ্ধে অংশীদারিত্ব ও সৌহার্দ্য সৃষ্টি করে পরামর্শমূলক সেবার মাধ্যমে দুর্নীতি প্রতিরোধমূলক কর্মসূচি বাস্তবায়ন অব্যাহত রেখেছে।

৩.১.১ গবেষণা, পরীক্ষণ, প্রতিরোধ ও গণসচেতনতা কার্যক্রমের আইনগত ভিত্তি

দুর্নীতি প্রতিরোধে সততা ও ন্যায়পরায়ণতা সম্পর্কিত মূল্যবোধের বিস্তার এবং দেশে দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা কমিশনের প্রধান দায়িত্ব। দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ১৭ ধারায় বর্ণিত দুদকের ১১টি কার্যক্রমের মধ্যে ছয়টি দুর্নীতি প্রতিরোধের আওতাভুক্ত। এসব দায়িত্ব পরিপূর্ণভাবে পালনের লক্ষ্যে কমিশন দেশের সকল উপজেলা, জেলা ও মহানগরগুলোতে দুর্নীতি প্রতিরোধ কমিটি এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে 'সততা সংঘ' ('Integrity Units') গড়ে তুলছে। কমিশন দুর্নীতির বিরুদ্ধে জনগণকে সচেতন করে তোলার লক্ষ্যে সারাদেশে বিভিন্ন কর্মসূচির আয়োজন এবং পাঠসামগ্রী প্রস্তুত ও পোস্টার প্রকাশ করে থাকে।

৩.১.২ গবেষণা, পরীক্ষণ, প্রতিরোধ ও গণসচেতনতা অনুবিভাগ

দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ১৭ ধারা অনুসারে দুর্নীতি দমন কমিশনের প্রতিরোধ, গবেষণা এবং গণসচেতনতা অনুবিভাগে কার্যক্রম পরিচালিত হয়। এ আইন সরকারি ও বেসরকারি উভয় খাতের দুর্নীতি প্রতিরোধে এ অনুবিভাগকে প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করে। এ অনুবিভাগ বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে দুর্নীতি প্রতিরোধমূলক প্রোগ্রাম ডিজাইন ও বাস্তবায়নের মাধ্যমে আইনগত প্রতিশ্রুতি পূরণ করে থাকে। দুর্নীতিপ্রবণ বা দুর্নীতির সহায়ক প্রাতিষ্ঠানিক কার্যসম্পাদন পদ্ধতি এবং কর্ম প্রক্রিয়াও এ অনুবিভাগ পর্যালোচনা করে থাকে।

এ অনুবিভাগ কর্তৃক বাস্তবায়িত কর্মসূচির কেন্দ্রবিন্দুতে রয়েছে পদ্ধতিগত ত্রুটি অপসারণ এবং এর ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত জনবলকে নজরে রাখা। জনগণকে দুর্নীতির ভয়ানক পরিণতির বিষয়ে সচেতন করার লক্ষ্যে দুর্নীতি প্রতিরোধ কমিটি এবং "সততা সংঘ"-এর সদস্যদের মাধ্যমে বহুমুখী কর্মসূচিও পরিচালনা করা হয়।

এই অনুবিভাগে মূল কার্যাদিসমূহ

- দুর্নীতি প্রতিরোধে নীতিসমূহ প্রণয়ন এবং সেবা প্রদান পদ্ধতির উন্নয়ন।
- সততা সংঘ এবং সরকারি- বেসরকারি প্রতিষ্ঠানসমূহের বাছাইকৃত কর্মীদের প্রশিক্ষণের মাধ্যমে উন্নয়ন।
- জনগণের মাঝে গণসচেতনামূলক কর্মসূচি বাস্তবায়ন করা।
- বিভিন্ন প্রতিষ্ঠানসমূহের সাথে দুর্নীতিসংক্রান্ত বিষয়ে আন্তঃসম্পর্ক বৃদ্ধি।
- দুর্নীতি প্রতিরোধ কার্যক্রমের পরিকল্পনা তৈরিতে বিভিন্ন প্রতিষ্ঠানকে সাহায্য করা।
- সাংগঠনিক কাঠামো ও পদ্ধতির পুনঃনিরীক্ষণ।
- ছাত্রদের মধ্যে বির্তক প্রতিযোগিতা, মানববন্ধন ও র‍্যালির আয়োজন।
- আর্ন্তজাতিক দুর্নীতি বিরোধী দিবস ও ' দুর্নীতি প্রতিরোধ সপ্তাহ' উদ্‌যাপন।

এ সমস্ত উদ্যোগগুলো দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এবং জাতীয় শুদ্ধাচার কৌশলপত্র ২০১২ মোতাবেক করা হয়ে থাকে। প্রতিরোধ অনুবিভাগ সিভিল সোসাইটি ও অন্যান্য সামাজিক সংগঠনের সাথে একত্রিত হয়ে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে দুর্নীতি প্রতিরোধে কাজ করে। দুর্নীতি প্রতিরোধে বিভিন্ন পদ্ধতি আছে। প্রধানতম পদ্ধতি হলো, সরকারি ও

বেসরকারি প্রতিষ্ঠানে দুর্নীতি কমিয়ে আনা। এছাড়া নীতি, বিধি ও পদ্ধতিগুলো সংস্কারের মাধ্যমেও দুর্নীতি প্রতিরোধ করা যায় এবং নীতি, বিধি ও পদ্ধতির দুর্বল দিকগুলো সংস্কার ও উন্নয়নের বিষয়ের নানা দিক নিয়ে সুপারিশ করা হয়।

৩.১.৩ গবেষণা, পরীক্ষণ, প্রতিরোধ ও গণসচেতনতা অনুবিভাগের কতিপয় উদ্যোগ

(১) দেশের তৃণমূল পর্যায়ের সুশীল সমাজের প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য দুর্নীতি দমন কমিশন দেশব্যাপী দুর্নীতি প্রতিরোধ কমিটিসমূহ পুনর্গঠন করে। প্রতিরোধ অনুবিভাগ ৯টি নগর দুর্নীতি প্রতিরোধ কমিটি, ৬২টি জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি এবং ৪২২টি উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি পুনর্গঠন করে, যারা প্রাতিষ্ঠানিকভাবে দুর্নীতির বিরুদ্ধে সামাজিক আন্দোলন পরিচালনা করছে।

(২) দেশের যুব সমাজের মধ্যে সততা ও নিষ্ঠাবোধ তৈরিতে দুর্নীতি দমন কমিশন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সততা সংঘ গঠন করেছে। দেশব্যাপী প্রায় ২১,৭৪৪ টি সততা সংঘ কার্যক্রম পরিচালনা করছে।

(৩) দেশের ছাত্রসমাজের মধ্যে সচেতনতা জাগ্রত করতে প্রতিরোধ ও গবেষণা অনুবিভাগ দেশব্যাপী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বির্তক প্রতিযোগিতার আয়োজন করে।

(৪) জনসাধারণের মধ্যে সচেতনতা তৈরিতে এ অনুবিভাগে স্লোগান ও পোস্টার প্রতিযোগিতার আয়োজন করে।

(৫) যথাযথ মর্যাদায় দুর্নীতি দমন কমিশনের প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপনে প্রতিরোধ অনুবিভাগ বিভিন্ন কর্মসূচি আয়োজন ও বাস্তবায়ন করে।

(৬) আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উদ্‌যাপনের জন্য এ অনুবিভাগ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে।

(৭) দেশব্যাপী "দুর্নীতি প্রতিরোধ সপ্তাহ" উদযাপন উপলক্ষ্যে এ অনুবিভাগ প্রতি বছর ২৬শে মার্চ থেকে ০১লা এপ্রিল পর্যন্ত বিভিন্ন অনুষ্ঠানমালার আয়োজন করে।

(৮) দুর্নীতির বিরুদ্ধে কার্যক্রম পরিচালনার জন্য এ অনুবিভাগ বিভাগীয় পর্যায়ে সেরা উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি ও সেরা জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি মনোনীত করে।

(৯) এ অনুবিভাগ GIZ-এর কারিগরি সহায়তায় কমিশনের জন্য "কৌশলগত পরিকল্পনা, ২০১৬-২০২১" প্রণয়নের জন্য কাজ করে যাচ্ছে।

(১০) সরকারি দপ্তরের সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে এ অনুবিভাগ বিভিন্ন উপজেলা ও জেলা পর্যায়ে সেমিনার, কর্মশালা ও গণশুনানি আয়োজন করে।

(১১) এ অনুবিভাগ দুর্নীতি বিরোধী বার্তা দেশব্যাপী প্রচারের জন্য সরকারি প্রিন্টিং প্রেস থেকে বিভিন্ন পোস্টার প্রকাশ করে।

(১২) এ অনুবিভাগ ২০১৫ সনে শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের জন্য "দুর্নীতি প্রতিরোধ বিষয়ে কার্টুন প্রতিযোগিতার" নীতিমালা প্রস্তুত ও প্রকাশ করে।

(১৩) এ অনুবিভাগ ছাত্রছাত্রীদের মাঝে দুর্নীতি প্রতিরোধে গণসচেতনতা সৃষ্টি করতে ২০১৫ সনে সততা সংঘ ম্যানুয়েল প্রস্তুত ও প্রকাশ করে।

(১৪) এ অনুবিভাগ ২০১৫ সনে মন্ত্রিপরিষদ বিভাগের অনুরোধে সরকারি দপ্তরের দুর্নীতি প্রতিরোধের উদ্দেশ্যে "জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) প্রদান আইন, ২০১১" -এর যথাযথ বাস্তবায়নের জন্য খসড়া বিধিমালা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করে।

(১৫) এ অনুবিভাগ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের আর্থিক ও কারিগরি সহায়তায় দুর্নীতির পরিণাম ও ভয়াবহতা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে চারটি স্বল্প দৈর্ঘ্য চলচ্চিত্র প্রস্তুত করে বিভিন্ন টিভি চ্যানেলে প্রচার করেছে।

(১৬) এ অনুবিভাগ GIZ-এর আর্থিক সহায়তায় আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সাথে "জাস্টিস রিফর্ম অ্যান্ড ও করাপশন প্রিভেনশন" যৌথ প্রকল্পের মাধ্যমে দেশের পাঁচটি জেলায় প্রকল্পটি বাস্তবায়ন করছে।

৩.২ দুর্নীতি বিরোধী সুদূরপ্রসারী কর্মসূচি

৩.২.১ সমাজ শক্তির অয়শগ্রহণভিত্তিক দুর্নীতি প্রতিরোধ আন্দোলন

দুর্নীতি প্রতিরোধ কমিটি (দুপ্রক)

দুর্নীতি প্রতিরোধে সকল পেশার মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে একটি জাতীয় সামাজিক আন্দোলন গড়ে তোলার প্রয়াসে কমিশন দুনীতি প্রতিরোধ কর্মসূচি গ্রহণ করেছে। দেশের প্রতিটি এলাকায় দুর্নীতি প্রতিরোধের উদ্দেশ্যে গণসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে উপজেলা, জেলা ও মহানগর পর্যায়ে গঠন করা হয়েছে দুর্নীতি প্রতিরোধ কমিটি। এ পর্যন্ত দেশের ৪২২টি উপজেলা, ৬২টি জেলা, ১টি মহানগর ও ৮টি আঞ্চলিক মহানগর কমিটি গঠন করা হয়েছে। নীতিমালা অনুযায়ী অনধিক ১৩ সদস্যের সমন্বয়ে জেলা ও মহানগর দুর্নীতি প্রতিরোধ কমিটি এবং অনধিক ৯ সদস্যের সমন্বয়ে উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি গঠন করা হয়। যেখানে সম্ভব হয়েছে, এর এক-তৃতীয়াংশ সদস্য নারী রাখা হয়েছে। কমিটির সদস্যদের মধ্য থেকে একজন সভাপতি, দুইজন সহ-সভাপতি এবং একজন সাধারণ সম্পাদক মনোনীত হবেন। কমিটির সকল সদস্য কমিশন কর্তৃক মনোনীত হবেন এবং কমিশনের নিকট সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়/ সমন্বিত জেলা কার্যালয়ের মাধ্যমে দায়বদ্ধ থাকবেন। কমিটির জন্য নির্ধারিত এলাকায় বসবাসকারী পূর্ণবয়স্ক বাংলাদেশের নাগরিকগণই কেবল কমিটির সদস্য মনোনীত হওয়ার যোগ্য হবেন। বিদেশি কোনো নাগরিক, নির্বাচিত জনপ্রতিনিধি, প্রজাতন্ত্রের বেতনভুক্ত কর্মচারী, কোনো রাজনৈতিক দলের সক্রিয় সদস্য, আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বা দেওলিয়া ঘোষিত, ঋণ খেলাপি, কোনো ফৌজদারি অপরাধে অভিযুক্ত অথবা আদালত কর্তৃক দণ্ডিত ব্যক্তিগণ কমিটির সদস্য হওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না। মূলত দুর্নীতি প্রতিরোধ কমিটিগুলো স্বেচ্ছাব্রতী এবং শিক্ষক, ধর্মীয় নেতা ও সাবেক সরকারি কর্মকর্তাসহ সমাজের সর্বস্তরের সৎ ও সক্রিয় ব্যক্তিদের সমন্বয়ে গঠিত।

২০১৫ সনে দুদক ০১টি মহানগর, ০৮টি আঞ্চলিক মহানগর, ৬২টি জেলা ও ৪২২টি উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি গঠন এবং পুনর্গঠনে উল্লেখযোগ্য সময় ব্যয় করে। বিভাগভিত্তিক এসব উপজেলা, জেলা ও মহানগর পর্যায়ের দুর্নীতি প্রতিরোধ কমিটির সংখ্যা সারণি ১৬ -এ দেওয়া হয়েছে।

সারণি ১৬: বিভাগভিত্তিক উপজেলা, জেলা ও মহানগর পর্যায়ের দুর্নীতি প্রতিরোধ কমিটির সংখ্যা

বিভাগের নাম	উপজেলা দুপ্রক	জেলা দুপ্রক	মহানগর দুপ্রক	মোট দুপ্রক
ঢাকা	১০৬	১৬	০৮	১৩০
চট্টগ্রাম	৮৯	১০	০১	১০০
রাজশাহী ও রংপুর	১০৯	১৬	-	১২৫
খুলনা	৫০	১০	-	৬০
বরিশাল	৩৪	০৬	-	৪০
সিলেট	৩৪	০৪	-	৩৮

৩.২.২ 'সততা সংঘ' - তরুণদের দুর্নীতি-বিরোধী মঞ্চ

বর্তমান ও আগামী প্রজন্মের মধ্যে দুর্নীতি-বিরোধী মনোভাব প্রোথিত করার মধ্য দিয়ে আগামী দিনের দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়া সহজতর। দুর্নীতির বিস্তার রোধের পাশাপাশি আগামী দিনের দুর্নীতিমুক্ত সমাজ গঠনের লক্ষ্যে শিক্ষাঙ্গনে শিক্ষার্থীদের মধ্যে নানারকম সচেতনতামূলক কর্মসূচি চালু করেছে কমিশন। বিশ্বের দুর্নীতিমুক্ত রাষ্ট্রসমূহ শিক্ষাঙ্গনে শিক্ষার্থী সচেতনমূলক কর্মসূচিতে বিশেষ গুরুত্ব দিয়ে থাকে। দুর্নীতি দমন কমিশন সেই সব দেশের অভিজ্ঞতার আলোকে তরুণ প্রজন্মের মধ্যে সততা ও শুদ্ধাচার সৃষ্টির লক্ষ্যে এবং দুর্নীতির বিরুদ্ধে তরুণদের কণ্ঠকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার লক্ষ্যে এর কর্মসূচী পরিচালনা করছে। শুদ্ধাচারের মূলশক্তিকে জাগ্রত করার উদ্দেশ্যে কমিশন দুর্নীতি প্রতিরোধ কমিটির তত্ত্বাবধানে স্কুল, কলেজ ও মাদ্‌রাসার শিক্ষার্থীদের নিয়ে 'সততা সংঘ' ('Integraty Unit') গঠন করেছে। প্রতিটি সততা সংঘে ১১ সদস্য-বিশিষ্ট একটি নির্বাহী কমিটি রয়েছে।

সারণি ১৮: ২০১৫ সনে উপজেলা, জেলা ও মহানগর দুর্নীতি প্রতিরোধ কমিটিসমূহের বিভাগওয়ারি কার্যক্রম

বিভাগ	আলোচনা সভা	বিতর্ক	রচনা প্রতিযোগিতা	মানব-বন্ধন	র‍্যালি	সেমিনার	নাটক	বিশিষ্ট ব্যক্তিদের বক্তৃতা	অন্যান্য
ঢাকা	৯০৫	৮৭	৫৭	২৬১	২৭৭	০৭	১৩	১৪৬	৭৩১
চট্টগ্রাম	৩৬২	১১৩	৭৩	১৬৬	১৫৭	১৪	২৫	৫২	৩৮
রাজশাহী ও রংপুর	৫৪৫	১৩৩	৯৫	২৯৭	৩০৯	১৫	২৭	১৪৬	৪৭৮
খুলনা	২৬৭	২৯	৩৭	১২৮	১৩০	১২	১৭	২১৯	২২০
বরিশাল	৩৩৯	৩৪	০৬	১৩৬	১৩৭	-	-	৩৪১	১৭৬
সিলেট	১০৯	৫২	৩৫	৬৪	৬০	১২	১০	৬৬	২৬

সারণি ১৯: ২০১৫ সনে সততা সংঘসমূহের বিভাগওয়ারি কার্যক্রম

বিভাগ	আলোচনা সভা	বিতর্ক	রচনা প্রতিযোগিতা	মানব-বন্ধন	র‍্যালি	সেমিনার	নাটক	বিশিষ্ট ব্যক্তিদের বক্তৃতা	অন্যান্য
ঢাকা	৯৮৮	১১৭	৬২	৩৬০	৩৮৪	০৪	২৯	১০৯	৩৪৩
চট্টগ্রাম	১৬৭	৯৩	৬০	১৩৩	১৫৪	০৯	২১	৩২	৪২
রাজশাহী ও রংপুর	৩১২	১২৮	১১০	২৩৬	২৪১	-	১৯	১২১	৪২১
খুলনা	১৮১	১৮	০৪	৭৪	৭৬	০৭	০১	৮৯	৯১
বরিশাল	৩১৩	৩৪	০৬	১৩৬	১৩৭	-	-	৩২০	১৪৪
সিলেট	১৫২	৩৬	৩১	৭৪	৭৬	১১	১৬	১০২	০৮

দুর্নীতি বিরোধী বির্তক প্রতিযোগিতা ২০১৫

দুর্নীতি-বিরোধী গণজাগরণে জাতির আগামী প্রজন্মকে সম্পৃক্ত করতে এবং আদর্শ, নৈতিকতা ও মূল্যবোধের ভিত্তিতে তাদেরকে দুর্নীতির বিরুদ্ধে অবস্থান গ্রহণে সহায়তা করার লক্ষ্যে 'সততা সংঘ'-এর গঠন দুদকের অন্যতম প্রয়াস। দুর্নীতি-বিরোধী প্রচারণা ও জনমত সৃষ্টির লক্ষ্যে দুর্নীতি দমন কমিশন সততা সংঘ গঠিত হয়েছে এমন স্কুল, মাদ্রাসা ও কলেজের ছাত্রছাত্রীদের নিয়ে প্রথমবারের মতো ২০১৫ সনে দেশব্যাপী "দুর্নীতি প্রতিরোধ বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা" আয়োজন করে। ২০১৫ সনে মাধ্যমিক ও সমমান এবং উচ্চমাধ্যমিক ও সমমান মোট ০২ (দুই)টি পর্যায়ের শিক্ষার্থীদের জন্যে দুর্নীতি প্রতিরোধবিষয়ক বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় মাধ্যমিক ও সমপর্যায়ে চ্যাম্পিয়ন হয় সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা এবং রানার-আপ ট্রফি লাভ করে এসভি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কিশোরগঞ্জ। উচ্চমাধ্যমিক ও সমপর্যায়ে চ্যাম্পিয়ন হয় রাজশাহী কলেজ এবং রানার-আপ ট্রফি লাভ করে ঢাকা ক্যান্টমেন্ট গার্লস পাবলিক স্কুল এন্ড কলেজ।

দুদক দর্পণ শীর্ষক ত্রৈমাসিক প্রকাশনা

মার্চ ২০১২ থেকে কমিশণ ত্রৈমাসিক 'দুদক দর্পণ' প্রকাশনা শুরু করে। ২০১৫ সনে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দুদক দর্পণ শীর্ষক ত্রৈমাসিক প্রকাশনা প্রকাশিত হয়েছে এবং এ বছর দুদক দর্পণ-এর ০৩ টি সংখ্যা প্রকাশিত হয়।

কমিশন কর্তৃক গৃহীত প্রচারমূলক কর্মকাণ্ড

জনগণকে সংগঠিত করা এবং বিভিন্ন উপকরণ প্রকাশনার বাইরেও দুদক কিছু প্রচারমূলক কর্মকাণ্ডও গ্রহণ করে। তারা শীর্ষস্থানীয় জাতীয় দৈনিকগুলোতে দুর্নীতির বিরুদ্ধে বিজ্ঞাপন প্রচার করে। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের (বিটিআরসি) সহায়তায় মোবাইল ফোন ব্যবহারকারীদেরকে দুর্নীতি থেকে বিরত থাকার জন্যে ক্ষুদে বার্তা পাঠানো হয়।

এসব সততা সংঘ কমিশনের দুর্নীতির বিরুদ্ধে সচেতনতা সৃষ্টিমূলক কর্মসূচি জোরদার করা এবং তরুণ প্রজন্মের মধ্যে সততাচর্চা প্রসারের লক্ষ্যে দুর্নীতি প্রতিরোধ কমিটিসমূহের সহযোগী সংগঠন হিসেবে কাজ করে। দুর্নীতি প্রতিরোধ কমিটির সহায়তায় সততা সংঘগুলো জেলা ও শহরগুলোতে বিভিন্ন সেমিনার, আলোচনা, নাটক, বিতর্ক ও রচনা প্রতিযোগিতার আয়োজন করে, যাতে স্কুল ও কলেজগামী শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। দুদক সততা সংঘের সদস্যদের মধ্যে 'সততাই সর্বোৎকৃষ্ট পন্থা' এবং 'আমরা দুর্নীতি করবো না, সইব না, মানব না' লেখা হাজার-হাজার পোস্টার বিতরণ করে। দুর্নীতি প্রতিরোধ কার্যক্রমের অংশ হিসেবে প্রতিটি 'সততা সংঘ' শিক্ষার্থীর নৈতিক চরিত্র গঠন, শিক্ষা ও স্বাস্থ্যের উন্নয়ন এবং জলবায়ু ও পরিবেশ সংরক্ষণসহ সকল প্রকার জনহিতকর কার্যক্রমে উদ্যোগী হতে পারবে। এতে এ বিষয়ে শিক্ষার্থীদের মনোজগতে গভীর একাগ্রতা এবং উদ্দীপনা সঞ্চারিত হচ্ছে।

দুর্নীতি দমন কমিশনের পক্ষ থেকে এসব প্রতিযোগিতায় বিজয়ীদের কমিশনের ক্রেস্ট, প্রশংসাপত্র, পুরস্কার দেওয়া হয়। প্রতিরোধ ও গণসচেতনতা শাখা সারাদেশের শিক্ষাঙ্গনে পর্যায়ক্রমে শিক্ষার্থী সচেতনতা কর্মসূচির আওতায় দুর্নীতি-বিরোধী বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করছে। বাংলাদেশের আগামী দিনের কর্ণধারদের মধ্যে দুর্নীতি-বিরোধী নৈতিক মনোভঙ্গি গড়ে তুলতে কমিশন এই কর্মসূচির মাধ্যমে সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখবে। সততা সংঘের বিভাগভিত্তিক তালিকা সারণি ১৭-এ দেওয়া হয়েছে।

সারণি ১৭: বিভাগভিত্তিক সততা সংঘের সংখ্যা

বিভাগের নাম	সততা সংঘের সংখ্যা
ঢাকা	৫,৩৮০
চট্টগ্রাম	৩,৬৫২
রাজশাহী ও রংপুর	৬,৮৭৫
খুলনা	২,৯৭৭
বরিশাল	১,৫১৪
সিলেট	১,৩৪৬
মোট	২১,৭৪৪

৩.৭.৩ কমিশন কর্তৃক বাস্তবায়িত প্রতিরোধ কার্যক্রমের পরিসংখ্যান

কমিশনের প্রতিরোধ-কর্মকাণ্ড গ্রহণ এবং তত্ত্বাবধানের দায়িত্ব এর গবেষণা, পরীক্ষণ, প্রতিরোধ ও গণসচেতনতা অনুবিভাগের ওপর ন্যস্ত। এছাড়া, সংশ্লিষ্ট আঞ্চলিক এলাকাগুলোতে দুর্নীতি প্রতিরোধ-কর্মকাণ্ডে বিভাগীয় এবং সমন্বিত জেলা কার্যালয়সমূহ সক্রিয়ভাবে জড়িত।

মহানগর, জেলা ও উপজেলা এই তিন স্তরে গঠিত দুর্নীতি প্রতিরোধ কমিটির মাধ্যমে দুর্নীতি-বিরোধী র‍্যালি, মানববন্ধন, পদযাত্রা, সভা-সেমিনার, বিতর্ক ও রচনা প্রতিযোগিতাসহ বিভিন্ন কর্মসূচির মাধ্যমে দুর্নীতি প্রতিরোধে সামাজিক সচেতনতা বৃদ্ধির প্রয়াস চলছে। নবগঠিত মহানগর, জেলা ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি স্থানীয় সুশীল সমাজ ও সামাজিক-সাংস্কৃতিক সংগঠনকে সাথে নিয়ে যেসব বৃহত্তর দুর্নীতি-বিরোধী শোভাযাত্রার আয়োজন করে সেসব শোভাযাত্রায় সকল পেশার সচেতন মানুষ অংশ নিয়ে চলমান দুর্নীতি-বিরোধী সামাজিক আন্দোলনের সাথে একাত্মতা প্রকাশ করে।

সারাদেশে দুর্নীতি প্রতিরোধ সপ্তাহ (প্রতি বছর ২৬শে মার্চ থেকে ১লা এপ্রিল) এবং ৯ই ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতি-বিরোধী দিবস পালনে এসব কমিটির ভূমিকা গুরুত্বপূর্ণ। এ ধরনের প্রতিরোধ কর্মকাণ্ডে দুদকের চেয়ারম্যান, কমিশনার এবং উচ্চপদস্থ কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। এসব কমিটি বিভিন্ন কর্মসূচির আয়োজন এবং জনগণের মধ্যে দুদকের দুর্নীতি-বিরোধী স্লোগান লেখা টুপি ও টি-শার্ট বিতরণের জন্য সামান্য কিছু অর্থ পেয়ে থাকে। বিভাগ-ভিত্তিক জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি ও সততা সংঘের কর্মকাণ্ড সারণি ১৮ ও ১৯-এ তুলে ধরা হয়েছে।

দুর্নীতি প্রতিরোধ সপ্তাহ এবং আন্তর্জাতিক দুর্নীতি-বিরোধী দিবস উপলক্ষ্যে শ্রমিকদের মধ্যে দুর্নীতি বিরোধী স্লোগানসম্বলিত টি-শার্ট বিতরণ করা হয়। রাজধানীসহ বাংলাদেশের বিভিন্ন স্থানে হাজার হাজার পোস্টার ছাপিয়ে সেগুলো দেয়ালে লাগানো হয়।

দুর্নীতি বিরোধী খুতবা

দুর্নীতি প্রতিরোধের সবচেয়ে কার্যকর উপায়গুলোর অন্যতম হচ্ছে জনগণের মধ্যে নৈতিকতাবোধ জাগিয়ে তোলা। এ ব্যাপারে সমাজের ঐতিহ্যবাহী ধর্মীয় প্রতিষ্ঠানসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। ইমাম এবং ধর্মীয় নের্তৃবৃন্দের জন্য কমিশন ২০১৫ সনে 'দুর্নীতির চরম পরিণতি' শীর্ষক ধর্মোপদেশসম্বলিত একটি পুস্তিকা পুনঃপ্রকাশ করে। দুর্নীতির নিন্দা জানিয়ে পবিত্র কুরআন এবং দুর্নীতির বিরুদ্ধে ধর্মীয় অন্যান্য বাণী-বক্তব্যসম্বলিত এই পুস্তিকা থেকে শুক্রবার নামাজের সময় ধর্মোপদেশ বয়ান করা হয়। এই পুস্তিকাটি দুদকের সমন্বিত জেলা কার্যালয় এবং ইসলামী ফাউন্ডেশন, বাংলাদেশের মাধ্যমে দেশের বিভিন্ন মসজিদ এবং ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে বিনামূল্যে বিতরণ করা হয়।

জাতীয় ও আর্ন্তজাতিক সংযোগ

কমিশন প্রতিবেদনাধীন সময়ে অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে উত্তম চর্চা ও অভিজ্ঞতা বিনিময় অব্যাহত রেখেছে।

দুদক ও টিআবি'র মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

দুর্নীতি দমন কমিশন ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) 'দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত' কাজে পারস্পরিক সহযোগিতার জন্য সমঝোতা স্মারক স্বাক্ষর করে, সমাঝোতা স্মারকে কমিশনের পক্ষে স্বাক্ষর করেন দুদকের মহাপরিচালক ড. মোঃ শামসুল আরেফিন এবং টিআইবি'র পক্ষে স্বাক্ষর করেন টিআই বি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান।

সমঝোতা স্মারক অনুযায়ী উল্লেখযোগ্য কয়েকটি পারস্পরিক সহযোগিতার ক্ষেত্র হলো :

(১) প্রতিবছর ৯ই ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উদযাপনের অংশ হিসেবে দিবসটি সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিতে এবং দুদক ও টিআইবি উভয় পক্ষের মধ্যে আলোচনাসাপেক্ষে স্ব-স্ব সামর্থ্য ও সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী যৌথভাবে বিভিন্ন দুর্নীতি প্রতিরোধ গবেষণা ও অ্যাডভোকেসি কার্যক্রমে পরস্পরকে সহায়তা।

(২) স্থানীয় পর্যায়ে সততা সংঘের তরুণদের সম্পৃক্ত করার মাধ্যমে দুদক ও টিআইবি যৌথভাবে জেলা ও উপজেলা পর্যায়ে দুর্নীতির বিরুদ্ধে সচেতনতা সৃষ্টিতে বিভিন্ন দুর্নীতি-বিরোধী কার্যক্রম গ্রহণ, বাস্তবায়ন ও মানিটরিং।

(৩) স্থানীয় পর্যায়ে দুর্নীতিবিরোধী কার্যক্রম পরিচালনার নিমিত্তে টিআইবি'র সচেতন নাগরিক কমিটি (সনাক) এবং দুদকের অনুপ্রেরণায় গঠিত দুর্নীতি প্রতিরোধ কমিটির সহযোগী প্রতিষ্ঠান সততা সংঘের সদস্যদের নৈতিকতা, দুর্নীতি-বিরোধী যোগাযোগ কৌশল, তথ্য প্রযুক্তি, তথ্য অধিকার আইন ইত্যাদি বিষয়ে দুদক ও টিআইবি'র যৌথভাবে প্রশিক্ষণের আয়োজন ।

(৪) সমঝোতা স্মারকের অধীনে কার্যক্রম বাস্তবায়নে দুদক ও টিআইবি স্ব-স্ব প্রতিষ্ঠানের পক্ষে প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য একজন করে ফোকাল পয়েন্ট নির্ধারণ।

(৫) পরিচালিত কার্যক্রমের ক্ষেত্রে যে কোনো ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতি সম্পর্কে দুদক ও টিআইবি পরস্পরকে অবহিত করবে এবং আলোচনা ও সমঝোতার মাধ্যমে সমাধানের পদক্ষেপ গ্রহণ করবে।

আন্তর্জাতিক উন্নয়ন সংস্থাসমূহের সাথে কমিশনের সম্পৃক্ততা

১. উন্নয়ন সহযোগী সংস্থা GIZ-এর কারিগরি সহায়তায় দুদকের দুর্নীতি বিরোধী "কৌশলগত পরিকল্পনা ২০১৬-২০২১" প্রণয়নের কার্যক্রম চলমান। এছাড়াও বিভিন্ন কর্মসূচিতে GIZ কারিগরি সহায়তা প্রদান করছে।

২. গণশুনানি আয়োজনে JICA কারিগরি সহায়তা প্রদান করছে।

৩. এছাড়া বিশ্বব্যাংক ও এশীয় উন্নয়ন ব্যাংক বিভিন্ন কর্মসূচিতে কারিগরি সহাহয়তা প্রদান করে থাকে।

দুর্নীতি-প্রতিরোধ সপ্তাহ পালন

দুদক ২০১১ সন থেকে প্রতি বছর ২৬শে মার্চ থেকে ১লা এপ্রিল পর্যন্ত দুর্নীতি-প্রতিরোধ সপ্তাহ পালন করে আসছে। দুর্নীতি-প্রতিরোধ সপ্তাহ-২০১৫ উদ্‌যাপন উপলক্ষে কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ের কর্মসূচি প্রণয়ন ও কর্মসূচি বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়। ২০১৫ সনে দুর্নীতি-প্রতিরোধ সপ্তাহের প্রতিপাদ্য ছিল: "সবাই মিলে শপথ করি, দুর্নীতিবাজদের ঘৃণা করি"। দুদক চেয়ারম্যানের নেতৃত্বে সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে দিবসটি শুরু হয়। সপ্তাহের কর্মসূচি ছিল: মোবাইল ফোনে ক্ষুদে বার্তা পাঠানোর মাধ্যমে দুর্নীতি-প্রতিরোধ বার্তা প্রচার, দুদক সদরদপ্তরে সপ্তাহব্যাপী ব্যাঙ্গাত্মক কার্টুন ও পোস্টার প্রদর্শনী, দুর্নীতির বিরুদ্ধে ব্যানার ও পোস্টার নিয়ে মানববন্ধন ও সমাবেশ, দুর্নীতি-প্রতিরোধসংক্রান্ত পোস্টার অঙ্কন প্রতিযোগিতা, জুমার নামাজের সময় দুর্নীতি-বিরোধী ধর্মোপদেশ এবং ঢাকায় 'সততা সংঘে'র সম্মেলন অনুষ্ঠান। এছাড়া, দুদক সদরদপ্তরে 'রাজনৈতিক ঐক্য ও জবাবদিহিমূলক প্রশাসন দুর্নীতি দমন ও প্রতিরোধের প্রধান নিয়ামক' শীর্ষক একটি সেমিনারের আয়োজন করা হয়। প্রধান প্রধান রাজনৈতিক দলসমূহের নেতৃবৃন্দ, সরকারি কর্মকর্তা, সুশীল সমাজের সদস্যগণ এবং গণমাধ্যমসংশ্লিষ্ট ব্যক্তিবর্গ এই সেমিনারে বক্তব্য রাখেন।

কমিশনের প্রতিষ্ঠা বার্ষিকী

২০১২ সন থেকে ২১শে নভেম্বর কমিশনের প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপনের রীতি প্রচলন করা হয়। ২০০৪ সনের এ দিনেই আনুষ্ঠানিকভাবে কমিশনের যাত্রা শুরু হয়েছিল। দুর্নীতি দমন কমিশনের প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ের কর্মসূচি প্রণয়ন ও কর্মসূচি বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়। প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে সকালে জাতীয় সংগীত পরিবেশনের মধ্যদিয়ে জাতীয় পতাকা ও দুর্নীতি দমন কমিশনের পতাকা উত্তোলনের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করা হয়। পরবর্তীকালে ঢাকাস্থ শিল্পকলা একাডেমির জাতীয় সংগীত ও নৃত্যকলা মিলনায়তনে কমিশনের কর্মকর্তা ও কর্মচারীদের শপথ বাক্য পাঠ করান কমিশনের চেয়ারম্যান। প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মসূচিতে দুর্নীতি দমন কমিশনের সকল বিভাগীয় কার্যালয় ও সমন্বিত জেলা কার্যালয়ে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা ও দুর্নীতি দমন কমিশনের পতাকা উত্তোলন করা হয়। বিভাগীয় কার্যালয়ের ক্ষেত্রে পরিচালক এবং সমন্বিত জেলা কার্যালয়ের ক্ষেত্রে উপপরিচালকগণ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা কর্মচারীকে শপথ বাক্য পাঠ করান।

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট সেমিনার

২০১৫ সালে দুর্নীতি দমন কমিশন, মন্ত্রিপরিষদ বিভাগ এবং JICA- এর সাথে অংশীদারিত্বের ভিত্তিতে কমিশনের প্রধান কার্যালয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট সেমিনার আয়োজন করেছে। দেশের বর্তমান ও ভবিষ্যৎ গভর্নেন্স ইস্যু নিয়ে আলোচনাই ছিল উক্ত সম্মেলনের মূল উদ্দেশ্য। তাছাড়া সম্মেলনের সুনির্দিষ্ট লক্ষ্যগুলো ছিল: দেশের নেতৃস্থানীয়দের একত্র করে দেশের উন্নয়নের চাবিকাঠি হিসেবে গভর্নেন্স ইস্যু নিয়ে আলোচনা, সরকারের মাল্টি সেক্টরাল পদক্ষেপকে (জাতীয় শুদ্ধাচার কৌশল এর আওতায়) অধিকতর গুরুত্ব প্রদান বা দৃষ্টিগোচর করা, জাতীয়ভাবে দুর্নীতির বিরুদ্ধে সংগ্রামকে আরো শক্তিশালীকরণের উপায় ও কৌশল নিয়ে আলোচনা এবং এক্ষেত্রে সরকারের সমর্থন ও প্রতিশ্রুতি আদায়ের উপায় অনুসন্ধান।

গণমাধ্যমের সাথে সম্পর্ক

প্রতিবেদনাধীন সময়ে কমিশন নিয়মিত প্রেস বিজ্ঞপ্তি, সংবাদ সম্মেলন, প্রশ্নোত্তর, সাক্ষৎকার এবং সম্পাদক ও প্রধান নির্বাহীদের সাথে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠাকি সভার মাধ্যমে গণমাধ্যমের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে তাদের সাথে সুসম্পর্ক অব্যাহত রেখেছে।

দুদক মিডিয়া অ্যাওয়ার্ড ২০১৫

দুদক গণমাধ্যমে দুর্নীতিসংক্রান্ত অনুসন্ধানী ও সৃজনশীল প্রতিবেদনকে উৎসাহিত করার লক্ষ্যে "দুদক মিডিয়া অ্যাওয়ার্ড" প্রবর্তন করে। প্রতিবছর দু'টি ক্যাটাগরিতে মোট ছয়জন সাংবাদিককে পুরস্কৃত করা হয়। দেশের খ্যাতিমান সাংবাদিকদের সমন্বয়ে গঠিত জুরি বোর্ডের সুপারিশের পরিপ্রেক্ষিতে কমিশন এ পুরস্কার দিয়ে থাকে। ২০১৫ সালে ইলেকট্রনিক ও প্রিন্ট

মিডিয়ার পাঁচজন সাংবাদিককে দুদক মিডিয়া অ্যাওয়ার্ড প্রদান করা হয়। কমিশনের চেয়ারম্যান প্রিন্ট মিডিয়া ক্যাটাগরিতে দৈনিক সমকাল, দৈনিক সিলেটের ডাক এবং ইলেকট্রনিক মিডিয়া ক্যাটাগরিতে মাছরাঙা টেলিভিশন, চ্যানেল-২৪ ও আর টিভি-র সাংবাদিকগণকে পুরস্কার প্রদান করেন।

দুর্নীতি বিরোধী স্লোগান রচনা ও স্লোগানসহ পোস্টার অংকন প্রতিযোগিতা ২০১৫

দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্যগণ ও সততা সংঘের ছাত্রছাত্রীদের সৃজনশীলতাকে দুর্নীতি প্রতিরোধের কাজে লাগানোর নিমিত্ত কমিশনের সার্বিক দুর্নীতি প্রতিরোধ কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে উন্নয়ন সহযোগী সংস্থা জি.আই.জেড এর আর্থিক সহায়তায় দুর্নীতি বিরোধী স্লোগান রচনা ও স্লোগানসহ পোষ্টার অংকন প্রতিযোগিতা, ২০১৫ এর আয়োজন করা হয়েছে।

আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালন

দুদক প্রতি বছর ৯ই ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতি-বিরোধী দিবস পালন করে। আন্তর্জাতিক দুর্নীতি-বিরোধী দিবস-২০১৫ উদ্‌যাপন উপলক্ষ্যে কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ের কর্মসূচি প্রণয়ন ও কর্মসূচি বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছে। কেন্দ্রীয়ভাবে 'দুর্নীতিকে বিদায় দিন, দেশপ্রেমে শপথ নিন' প্রতিপাদ্য নিয়ে জাতীয় শিল্পকলা একাডেমিতে ০৯ ডিসেম্বর ,২০১৫ তারিখে আর্ন্তজাতিক দুর্নীতিবিরোধী দিবস উদযাপিত হয়। দুর্নীতি প্রতিরোধ কমিটির সহায়তায় রাজধানী এবং সারাদেশে ২০১৫ সনে দিবসটি পালনের লক্ষ্যে মানববন্ধন, সভা-সমাবেশসহ বিভিন্ন অনুষ্ঠান উদ্‌যাপিত হয়। এসকল কর্মসূচিতে সরকারি কর্মকর্তা এবং দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্যরাও উপস্থিত ছিলেন।

দুর্নীতি দমন কমিশন
দু দ ক

অধ্যায় 8

গণশুনানি

ভূমিকা

উপসংহার

গণশুনানি

৪.১ ভূমিকা

উপজেলা পর্যায়ে সেবা প্রদানকারী কর্মকর্তাদের নিকট স্থানীয় জনগণ কর্তৃক সুনির্দিষ্ট সমস্যা উপস্থাপন এবং তা সমাধানকল্পে কার্যকর ব্যবস্থা গ্রহণের একটি সামাজিক দায়বদ্ধতা পদ্ধতি হলো গণশুনানি। অন্যদিকে, তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে জনগণকে সচেতন করা এবং তথ্য প্রত্যাশী ও তথ্য প্রদানকারী সরকারি প্রতিষ্ঠানের মধ্যে সেতুবন্ধন সৃষ্টি করাই তথ্য মেলার মূল উদ্দেশ্য। উল্লেখ্য, গত ২৮-২৯শে ডিসেম্বর ২০১৪ তারিখ টিআইবি'র সহযোগিতায় দুদক প্রথমবারের মতো ময়মনসিংহের মুক্তাগাছায় তথ্য মেলা ও গণশুনানির আয়োজন করে। এতে স্থানীয় জনগণ ব্যাপকভাবে অংশগ্রহণ করে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫(ক) অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব হলো নাগরিকের জীবনধারণের মৌলিক উপকরণের ব্যবস্থা করা। দ্বিতীয়ত, জাতিসংঘের দুর্নীতি বিরোধী সনদ (UNCAC)-এর ১৩ অনুচ্ছেদে দুর্নীতি প্রতিরোধে সমাজের (সুশীল সমাজ, এনজিও, গণমাধ্যম ইত্যাদি) অংশগ্রহণ এবং তথ্যপ্রাপ্তি ও রিপোর্টিং -এর ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে। তৃতীয়ত সরকার কর্তৃক অনুমোদিত জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০১২-এ নাগরিকের দুর্নীতিমুক্ত সেবা প্রদানের অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। চতুর্থত প্রতিবেশী দেশ ভারত ও নেপালে সরকারি সেবা প্রদানে গণশুনানি একটি কার্যকর পদ্ধতি হিসেবে পরিগণিত হয়েছে। উল্লেখ্য, সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্যতম প্রতিপাদ্য বিষয় হলো নাগরিকের ক্ষমতায়ন যা গণশুনানি ও অন্যান্য সামাজিক দায়বদ্ধতা পদ্ধতি বাস্তবায়নের মাধ্যমে সম্ভব।

৪.১.১ গণশুনানির উদ্দেশ্য

- সেবা প্রত্যাশী নাগরিকের অভিযোগ সরাসরি শ্রবণের মাধ্যমে সেগুলো সেবা প্রদানকারী দপ্তর কর্তৃক তাৎক্ষণিক নিষ্পত্তির ব্যবস্থা করা;
- প্রতিটি সরকারি দপ্তরে বিভিন্ন সেবার মানোন্নয়নের মাধ্যমে নাগরিকদের দ্রুত ও উন্নত সেবা প্রাপ্তির গণতান্ত্রিক অধিকার বাস্তবায়নে সহায়তা প্রদান।

৪.১.২ গণশুনানির আইনগত কাঠামো

সংবিধানের বিধানসমূহ

সংবিধানের অনুচ্ছেদ ২০(২): "রাষ্ট্র এমন অবস্থা সৃষ্টির চেষ্টা করবে, যেখানে সাধারণ নীতি হিসাবে কোন ব্যক্তি অনুপার্জিত আয় ভোগ করতে সমর্থ হবে না"।

অনুচ্ছেদ ২১(২): "সকল সময়ে জনগণের সেবা করার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য।"

দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪- এর সংশ্লিষ্ট ধারাসমূহ

দুর্নীতি প্রতিরোধের জন্য কোনো আইনের অধীনে স্বীকৃত ব্যবস্থাদি পর্যালোচনা করা এবং কার্যকর বাস্তবায়নের জন্য রাষ্ট্রপতির নিকট সুপারিশ পেশ করা (ধারা ১৭ ঙ)।

দুর্নীতি প্রতিরোধের বিষয়ে গবেষণা পরিকল্পনা তৈরি করা এবং গবেষণালব্ধ ফলাফলের ভিত্তিতে করণীয় সম্পর্কে রাষ্ট্রপতির নিকট সুপারিশ পেশ করা (ধারা ১৭ চ);

দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার ব্যবস্থা করা (ধারা ১৭ ছ);

কমিশনের কার্যাবলি বা দায়িত্বের মধ্যে পরে এমন সকল বিষয়ের ওপর সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা ইত্যাদি অনুষ্ঠানের ব্যবস্থা করা (ধারা ১৭ জ); এবং

আর্থ-সামাজিক অবস্থার পরিপ্রেক্ষিতে বাংলাদেশে বিদ্যমান বিভিন্ন প্রকার দুর্নীতির উৎস চিহ্নিত করা এবং তদানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে রাষ্ট্রপতির নিকট সুপারিশ পেশ করা (ধারা ১৭ ঝ);

দুর্নীতি প্রতিরোধের জন্য প্রয়োজনীয় বিবেচিত অন্য যে কোনো কার্য সম্পাদন করা (ধারা ১৭ ট); এবং

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ১লা জুন ২০১৪ ও ৫ই জুন ২০১৪ তারিখের অফিস স্মারকদ্বয়।

৪.১.৩ গণশুনানি কার্যক্রম পরিচালনা

দুর্নীতি দমন কমিশন মনে করে যে, দেশের সাধারণ মানুষকে ক্ষমতায়ন করার মাধ্যমে দুর্নীতি প্রতিরোধের কার্যক্রমকে আরো গতিশীল ও কার্যকর করার ক্ষেত্রে গণশুনানি অন্যতম একটি পদ্ধতি হিসেবে পরিগণিত। এই বহুপক্ষীয় সভায় দুর্নীতির উৎস চিহ্নিতকরণ এবং দুর্নীতি প্রতিরোধে সংশ্লিষ্ট দপ্তরের সম্ভাব্য করণীয় সম্পর্কে অনুসন্ধানমূলক আলোচনা করা হয় এবং সমস্যা সমাধানের সম্ভাব্য উপায় বের করার প্রয়াস নেওয়া হয়।

দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এবং সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জুন ২০১৪ মাসে জারিকৃত অফিস স্মারক অনুযায়ী কমিশন গণশুনানি পরিচালনা করছে।

গণশুনানি কার্যক্রম অনুষ্ঠানের আগে পাঁচটি জেলার (ময়মনসিংহ, মাদারীপুর, গোপালগঞ্জ, কুমিল্লা ও রংপুর) দশটি উপজেলায় GIZ-এর উদ্যোগে Baseline Survey পরিচালিত হয়। এ জরিপে দুর্নীতির চিত্র এবং দুর্নীতির বিরুদ্ধে গৃহীত পদক্ষেপ সম্পর্কে জনগণের অজ্ঞতার বিষয়টি উপস্থাপিত হয়।

পর্যায়ক্রমে অন্যান্য উপজেলায় পরীক্ষামূলক গণশুনানি অনুষ্ঠিত হবে। প্রথম পর্যায়ে গণশুনানিতে সবচেয়ে বেশি দুর্নীতিপ্রবণ সরকারি দপ্তর যথা সাব-রেজিস্ট্রার অফিস, উপজেলা ভূমি অফিস ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস স্থান পেয়েছে। গণশুনানি হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে উত্তম সরকারি পরিষেবা প্রদানে প্রশাসনিক কর্মপ্রণালি সহজতর করার প্রচেষ্টা অব্যাহত রাখবে।

৪.১.৪ গণশুনানির প্রত্যাশিত ফলাফল

- সরকারি দপ্তরসমূহের কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা;
- নাগরিকদের সমস্যা সমাধানকল্পে তাদের করণীয় সম্পর্কে অবহিত করা;
- সেবা প্রত্যাশী নাগরিকের অভিযোগ সরাসরি শ্রবণের মাধ্যমে দ্রুত নিষ্পত্তি করা;
- সেবা প্রদানের পদ্ধতির উন্নয়ন করা; এবং
- দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টির মাধ্যমে কার্যকর নাগরিক হিসেবে গড়ে তোলা।

৪.২ উপসংহার

নাগরিকের জীবনধারণের মৌলিক উপকরণের ব্যবস্থা করা রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব। রাষ্ট্রের এ দায়িত্ব পালনে গণশুনানি একটি সামাজিক দায়বদ্ধতা পদ্ধতি। এ পদ্ধতিকে কার্যকর করতে হলে এর নিরবিচ্ছিন্ন ফলো-আপ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। নিয়মিত গণশুনানি পরিচালনা যেমন প্রয়োজন তেমনি প্রয়োজন গণশুনানিতে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন পরিবীক্ষণ করা। তাহলে গণশুনানি কর্মসূচি ফলপ্রসূ হবে।

গণশুনানীর অংশ হিসেবে ১৬ই সেপ্টেম্বর ২০১৫ তারিখে ঢাকার সাভারে টিআইবি, সচেতন নাগরিক কমিটি (সনাক)-এর উদ্যোগে উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি (দুপ্রক) ও উপজেলা পরিষদ সাভারে'র সহযোগিতায় দিনব্যাপী তথ্য মেলা অনুষ্ঠিত হয়। একই দিনে জাইকার সহযোগিতায় কমিশন উপজেলা ভূমি অফিস, সাব-রেজিস্ট্রার অফিস এবং উপজেলা স্বাস্থ্য অফিসে গণশুনানির আয়োজন করে। গণশুনানিকালে সেবাগ্রহীতা জনগণের উত্থাপিত অভিযোগসমূহের বিষয়ে সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তারা জবাব দিতে বাধ্য হন। দুদকের কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ এবং টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান গণশুনানিতে যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। পরবর্তীকালে কমিশন চকোরিয়া (কক্সবাজার), তেঁতুলিয়া (পঞ্চগর), ঢাকা জিলা এবং কোটালি পাড়া (গোপালগঞ্জ) উপজেলার ভূমি অফিস, সাব-রেজিস্ট্রার অফিস এবং স্বাস্থ্য অফিসসমূহে গণশুনানির আয়োজন করে।

দুর্নীতি দমন কমিশন
দু দ ক

অধ্যায় ৫

প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি

মানবসম্পদ ব্যবস্থাপনা

কমিশনের বাজেট ব্যবস্থাপনা

দুদকের অভ্যন্তরীণ দুর্নীতি প্রতিরোধে গৃহীত কার্যক্রম

কমিশনের সার্বিক কার্যক্রমের পর্যবেক্ষণ ও মূল্যায়ন

প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি

৫.১ মানব সম্পদ ব্যবস্থাপনা

কমিশনের মানব ও আর্থিক সম্পদ ও সরবরাহ ব্যবস্থাপনা নিশ্চিত করে প্রশাসন, সংস্থাপন এবং অর্থ অনুবিভাগ, যা দু'টি শাখায় বিভক্ত: প্রশাসন ও সংস্থাপন এবং অর্থ ও হিসাব। প্রশাসন, সংস্থাপন এবং অর্থ অনুবিভাগের আওতাধীন বিষয়সমূহ হচ্ছে:

১. কমিশনের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ, পদোন্নতি, পদায়ন, প্রেষণ ও ভ্রমণ ব্যবস্থাপনা;
২. আইন অনুযায়ী দুদক কর্মকর্তা/ কর্মচারীদের বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং তাদের চাকুরির অবস্থা ও অন্যান্য বিষয়;
৩. বিদেশে প্রশিক্ষণের জন্যে কর্মকর্তা/ কর্মচারী মনোনয়ন প্রস্তাব পেশ;
৪. কমিশনের বৈঠকের প্রাক্কালে কমিশনের সচিবকে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান;
৫. অধীন কার্যালয়সমূহ বছরে কমপক্ষে দু'বার পরিদর্শন করা এবং কমিশন সচিবের নিকট পরিদর্শন প্রতিবেদন পেশ;
৬. কমিশনের সার্বিক নিরাপত্তা তত্ত্বাবধান করা, গুদাম, আসবাবপত্র ও অবকাঠামো রক্ষণাবেক্ষণ; এবং
৭. কমিশনের সকল শাখার জন্য প্রয়োজনীয় লজিস্টিকস সংগ্রহ, রক্ষণাবেক্ষণ ও সরবরাহ।

৫.১.১ দুদক সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কার্যালয়ে মানবসম্পদ বণ্টন

কমিশনের ১২৬৪ জন মানবসম্পদের জন্য সরকার অনুমোদিত একটি সাংগঠনিক কাঠামো রয়েছে, যার মধ্যে ১৯১টি সুপার নিউমারি পদ রয়েছে। দুদকের প্রধান কার্যালয়, বিভাগীয় ও সমন্বিত জেলা কার্যালয়ে মানব সম্পদ বণ্টন তালিকা নিচের সারণি ২০-এ দেখানো হয়েছে।

সারণি ২০: দুদকের মানব সম্পদ বণ্টন

পদের বিবরণ	সদরদপ্তরে সংখ্যা	মাঠ কার্যালয়ে সংখ্যা		সর্বমোট
		বিভাগীয় কার্যালয়	সমন্বিত জেলা কার্যালয়	
চেয়ারম্যান	০১	-	-	০১
কমিশনার	০২	-	-	০২
সচিব	০১	-	-	০১
মহাপরিচালক	০৬	-	-	০৬
পরিচালক	১৩	০৬	-	১৯
সিস্টেম এনালিস্ট	০১	-	-	০১
উপপরিচালক	৫৯	-	২২	
প্রসিকিউটর	১৩	-	-	১৩
প্রোগ্রামার	০১	-	-	০১
সহকারী পরিচালক	৬৫	-	৬৫	১৩০
একান্ত সচিব	০৪	-	-	০৪
পিআরও	০১	-	-	০১
উপ-সহকারী পরিচালক	৫২	-	৭২	১২৪
সহকারী পরিদর্শক	৪২	-	৮৮	১৩০

পদের বিবরণ	সদরদপ্তরে সংখ্যা	মাঠ কার্যালয়ে সংখ্যা		সর্বমোট
		বিভাগীয় কার্যালয়	সমন্বিত জেলা কার্যালয়	
আদালত পরিদর্শক/ আদালত সহকারী/এএসআই	২৫	-	৫১	৭৬
অন্যান্য কর্মকর্তা ও স্টাফ (করণিক, টাইপিস্ট প্রভৃতি)	১৪৫	৪২	৬৬	২৫৩
গাড়িচালক	২১	০৬	২২	৪৯
কনস্টেবল	১১৬	-	৬৫	১৮১
সর্বমোট	৫৬৮	৫৪	৪৫১	১০৭৩
সংখ্যাতিরিক্ত কর্মী/ আউটসোর্স				
কনস্টেবল	৫৮	১২	১০৯	১৭৯
গাড়িচালক	০৯	-	-	০৯
অন্যান্য	০৩	-	-	০৩
সর্বমোট	৭০	১২	১০৯	১৯১

৫.১.২ ২০১৫ সনে কমিশন কর্তৃক নিয়োগ ও পদোন্নতি

দুদক আইন ২০০৪ অনুযায়ী দক্ষতার সাথে কাজ পরিচালনার জন্যে কমিশন প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মী নিয়োগের ক্ষমতাপ্রাপ্ত (ধারা ১৬(৩)। দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর বিধি ৪ মোতাবেক সরাসরি নিয়োগ বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের ব্যাপারে পরামর্শ প্রদানে একটি নিয়োগ ও পদোন্নতি কমিটি গঠন করা হয়। ২০১৫ সালে সরাসরি ও পদোন্নতির মাধ্যমে শূন্য পদে নিয়োগকৃত কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যার তালিকা সারণি ২১ ও ২২ -এ দেওয়া হলো।

সারণি ২১: ২০১৫ সনে সরাসরি নিয়োগকৃত কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা

পদের নাম	সরাসরি নিয়োগকৃত কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা
উপসহকারী পরিচালক	০১
ড্রাইভার	০২
মোট	০৩

সারণি ২২: ২০১৫ সনে পদোন্নতির মাধ্যমে নিয়োগকৃত কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা

পদের নাম	পদোন্নতিকৃত কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা
মহাপরিচালক	০০
পরিচালক	০৬
উপপরিচালক	১০
সহকারী পরিচালক	৩০
উপসহকারী পরিচালক	১২
কোর্ট সহকারি (এ.এস.আই)	০২

৫.১.৩ বিভাগীয় এবং জেলা পর্যায়ে নিজস্ব অফিস ভবন নির্মাণ

শক্তিশালীকরণ প্রক্রিয়ার অংশ হিসেবে দুদক-এর বিভাগীয় ও সমন্বিত জেলা কার্যালয়সমূহে নিজস্ব অফিসভবন নির্মাণের নীতিগত সিদ্ধান্ত নিয়েছে। এ উদ্দেশ্যে বেশ কয়েকটি প্রকল্প নেওয়া হয়েছে, সেগুলোর বাস্তবায়ন বিভিন্ন পর্যায়ে রয়েছে। এরই মধ্যে (জুন ২০১৫) তিন কোটি চার লক্ষ পঁচিশ হাজার টাকা ব্যয়ে যশোর সমন্বিত জেলা কার্যালয় ভবন নির্মাণ প্রকল্প সফলতার সাথে সম্পন্ন হয়েছে। নোয়াখালী ও হবিগঞ্জ সমন্বিত জেলা কার্যালয় নির্মাণ প্রকল্প (জুলাই ২০১৫ - জুন ২০১৭) ইতোমধ্যেই পরিকল্পনা কমিশন অনুমোদন দিয়েছে। কুমিল্লা ও টাঙ্গাইল সমন্বিত জেলা কার্যালয় নির্মাণ প্রকল্পের (জুলাই ২০১৬ - জুন ২০১৮) অনুমোদন পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে। রাঙ্গামাটি, কুষ্টিয়া, ময়মনসিংহ সমন্বিত জেলা কার্যালয় নির্মাণ প্রকল্পের ডিপিপি (জুলাই ২০১৬-জুন ২০১৯) শীঘ্রই অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে পাঠানো হবে। বিভাগীয় পর্যায়ে ডরমিটরি ও বিশ্রামাগার সুবিধাসহ এর বিভাগীয় কার্যালয় ও সংযুক্ত সমন্বিত জেলা কার্যালয় আবাসনের জন্য ৬-তলা অফিসভবন নির্মাণে পৃথক ডিপিপি প্রস্তুত করা হবে।

৫.১.৪ দুর্নীতি দমন কমিশনের কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে গৃহীত পদক্ষেপ

কমিশন নিজস্ব জনবলের কার্যক্রমের স্বচ্ছতা নিশ্চিত করতে সচেষ্ট। দুর্নীতি দমন কমিশনের মূল শক্তি হচ্ছে দুদক আইন-২০০৪ ও প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারী। পাশাপাশি কমিশন কর্মকর্তা-কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির বিষয়টির উপর বিশেষ গুরুত্ব দিচ্ছে। ২০১৫ সনে কর্মপরিবেশের আধুনিকায়নের পাশাপাশি কর্মকর্তা/ কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি আয়োজনের ক্ষেত্রে কমিশন বেশ কিছু পদক্ষেপ নিয়েছে। উন্নয়ন সহযোগীদের সহায়তায় দুর্নীতি দমন ও প্রতিরোধবিষয়ক বিভিন্ন মেয়াদের প্রশিক্ষণ-সুবিধা পাওয়ার জন্যে প্রাতিষ্ঠানিক প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এরই ধারাবাহিকতায় কমিশনের বেশকিছু কর্মকর্তা-কর্মচারী দেশে-বিদেশে উন্নত প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের সুযোগ পেয়েছেন।

২০১৫ সনে দুদকের নিজস্ব ব্যবস্থাপনায় পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮-এর উপর বিশেষ কোর্স, সকল পর্যায়ের কর্মকর্তাগণের জন্যে রিফ্রেসার্স কোর্স, নবনিয়োগকৃত সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের জন্যে বিশেষ প্রশিক্ষণ, সম্পদ পুনরুদ্ধার, জিআইজেড-এর সৌজন্যে গণমাধ্যমের সাথে মতবিনিময়, ওয়েবসাইট তৈরি ও উন্নয়ন, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) কর্তৃক সিনিয়র সিকিউরিটি কোর্স, জাতীয় উন্নয়ন ও পরিকল্পনা একাডেমি কর্তৃক কম্পিউটার ট্রাবলশুটিং ও অন্যান্য তথ্যপ্রযুক্তি সংক্রান্ত প্রশিক্ষণ, ইংরেজি ভাষা শিক্ষা কোর্সসহ বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে ৩৫৫জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

সারণি ২৩: প্রশিক্ষণ, জাতীয় সেমিনার, কর্মশালা ও কনফারেন্সে অংশগ্রহণ

Name of the training	Number of participants	Name of associate organization
01. PPA 2006,PPR 2008	60	-
02. Junior Security Course	01	NSI
03. Prevention of Corruption Course	29	GIZ
04. 34-th Surveillance Course	02	NSI
05. Orientation Course for newly recruited AD, DAD and Court Inspector	20	-
06 Computer	49	-
07 Land Management Course	119	-
08 35-th Surveillance Cours	02	NSI
09 Land Management Course	20	World Bank

Name of the training	Number of participants	Name of associate organization
10 Office Management	01	-
11 English Language Proficiency	04	-
12 PPDM Course	01	-
13 Management Skills for Project Executives	01	-
14 Right to Information	23	TIB
15 PPA 2006,PPR,2008	19	World Bank
16 Junior Security Course	01	NSI
17 Senior Security Course	01	NSI
18 Basic Computer Course	02	-

৫.১.৫ ২০১৫ সনে আন্তর্জাতিক বিভিন্ন প্রশিক্ষণ, সভা, সেমিনার ও ওয়ার্কসপে অংশগ্রহণ

কমিশন জ্ঞানসমৃদ্ধ অভিজ্ঞতা বিনিময় ও উত্তম চর্চার নিমিত্তে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সেমিনার ও কনফারেন্সে অংশগ্রহণ অব্যাহত রেখেছে।

সারণি ২৪: কতিপয় আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে কমিশনের নিবিড় সংযোগ-চিত্র

Name of training/ meeting/ seminar/ workshop	Duration	Number of Participants	Name of associate organisation	Name of country
1. High Level Meeting	11-18 May, 2015	01	--	London, UK.
2. The Art of Stakeholder Collaboration	19-22 May, 2015	01	GIZ	Cambodia
3. Country Specific Dialogue Program for Bangladesh on Good Governance-Policy, Organization and People Dialogue Program	04-13 June, 2015	01	JICA	Japan
4. Asset Recovery Pending Issues	15-17 June, 2015	01	-	USA
5. APG's 18-th Annual Meeting and Technical Assistance Forum	12-17 July, 2015	01		
6. CBI's High Level Official Meeting	13-18, September, 2015	04	-	India
7. Developing Anti-Money Laundering and Combating the Financing of Terrorism Approaches ,Methodologies and Control for Non-banking Financial Institutions Workshop for Trainers	12-16,October, 2015	01	ADB	Philippines
8. Training Course on Criminal Justice Response to Corruption	12 October-19 November, 2015	02	JICA	JAPAN

Name of training/ meeting/ seminar/ workshop	Duration	Number of participants	Name of associate organisation	Name of country
9. Eight Annual Conference and General Meeting of the IAACA and 6-th Session of the Conference of the State Parties to the United Nations Convention against Corruption.	30 October-6 November, 2015	01	-	Russia
10. 13-th Regional Seminar of the ADB/OECD Anti-Corruption Initiative for Asia and the Pacific.	18-20 November, 2015	01	ADB/OECD Anti-Corruption Initiative Secretarial & the UN Development Programme.	Mongolia

৫.২ কমিশনের বাজেট ব্যবস্থাপনা

সরকারের বাজেট বরাদ্দের মাধ্যমে দুদকের অর্থায়ন হয়ে থাকে। সরকার একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ কমিশনের ব্যয়ের জন্যে বরাদ্দ করে। বাজেট অনুমোদন হলে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কন্ট্রোলার ও অডিটর জেনারেল কর্তৃক দুদক হিসাব প্রাক-নিরীক্ষণ ছাড়া সরকারের কাছ থেকে কমিশনের কোনো পূর্বানুমতির প্রয়োজন হয় না। প্রশাসন, সংস্থাপন ও অর্থ বিভাগের অর্থ ও হিসাব শাখা অর্থায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা-সম্পর্কিত কাজ তত্ত্বাবধান করে থাকে এবং সরকারি ক্রয়নীতির আওতায় ক্রয় পরিচালনা করে। ২০১৪-১৫ অর্থ-বছরের বরাদ্দ (অনুন্নয়ন ও উন্নয়ন) নিচের সারণি ২৫ ও ২৬ -এ দেখানো হলো:

সারণি ২৫: ২০১৪ - ১৫ অর্থবছরে দুদকের জন্যে বরাদ্দকৃত অর্থের পরিসংখ্যান (অংকসমূহ হাজার টাকায়)

অর্থ বছর		অনুন্নয়ন	উন্নয়ন	মোট	রাজস্ব	মূলধনী
২০১৪-১৫	বাজেট	৬২,৯৬,৩০	১,৮৪,০০	৬৪,৮০,৩০	৬২,২৮,৩০	২,৫২,০০

সারণি ২৬: ২০১৪ - ১৫ অর্থবছরে রাজস্ব ও মূলধনী ব্যয়ের অর্থনৈতিক শ্রেণিকরণ (অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ		অর্থ বছর ২০১৪-১৫	
	অর্থনৈতিক কোড ও খাত	বরাদ্দ (টাকায়)	ব্যয় (টাকায়)
রাজস্ব ব্যয়	৪৫০১-অফিসারদের বেতন	৮,৩৬,০০	৭,৯৫,৯২
	৪৬০১- প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন	৭,৫০,০০	৭,২৩,৫৪
	৪৭০০-ভাতাদি	১৩,৯২,২৫	১৩,৬৩,৬৮
	৪৮০০-সরবরাহ ও সেবা	১৬,৫৬,১৫	১৫,৭৫,৩৫
	৪৯০০- মেরামত ও সংরক্ষণ	৮৯,০০	৭৮,৮১
	৬৩০০-অবসর ভাতা ও আনুতোষিক	৩,০৪,৯০	৩,০৭,৮২
	৬৬৮১ থোক বরাদ্দ	১২,০০,০০	১০,১৯,৮৫
মোট রাজস্ব ব্যয়		৬২,২৮,৩০	৫৮,৬৪,৯৭
মূলধনী ব্যয়	৬৮০০- সম্পদ সংগ্রহ /ক্রয়	৪৬,৫০	৪৪,১১
	৭০০০-নির্মাণ ও পূর্ত	১,৮০,৫০	১,৭৯,৫০
	৭৪০০-সরকারি কর্মচারীদের জন্য ঋণ ও অগ্রিম	২৫,০০	১৫,৭৫
মোট মূলধনী ব্যয়		২,৫২,০০	২,৩৯,৩৬
দুদকের সর্বমোট ব্যয়		৬৪,৮০,৩০	৬১,০৪,৩৩

চিত্র-৬: ২০১৪-২০১৫ অর্থবছরে প্রকৃত আনুপাতিক ব্যয়ের চিত্র



৫.৩ দুদকের অভ্যন্তরীণ দুর্নীতি প্রতিরোধে গৃহীত কার্যক্রম

কমিশন তার কর্মকর্তা ও কর্মচারীদের দুর্নীতি নিয়ন্ত্রণে তৎপর রয়েছে। দুর্নীতি দমন কমিশন বিধি ২০০৭-এর ১৯(১)-এর অধীনে কর্মকর্তাদের নিরবচ্ছিন্নভাবে পরিবীক্ষণ, তত্ত্বাবধান, অনুসন্ধান, দুদক কর্মকর্তা/ কর্মচারীদের বিরুদ্ধে যে কোনো দুর্নীতির অভিযোগ তদন্ত করা এবং দুর্নীতিগ্রস্ত কর্মীর বিরুদ্ধে আইনি ও বিভাগীয় পদক্ষেপ নিতে পরামর্শদানের জন্যে কমিশনের চেয়ারম্যানের নেতৃত্বে একটি স্থায়ী অভ্যন্তরীণ দুর্নীতি দমন কমিটি গঠন করেছে। ২০১৫ সনে কমিশনের ৪জন কর্মকর্তা/ কর্মচারীকে গুরুদণ্ড ও ২জন কর্মচারীকে লঘুদণ্ড প্রদান করা হয়েছে। ২০১৫ সনে দুদক কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়েরের সংখ্যা এবং মামলার ফলাফল তালিকা নিচের সারণি ২৭-এ প্রদান করা হয়েছে।

সারণি ২৭: ২০১৫ সনে দুদকের কর্মকর্তা/ কর্মচারীদের বিরুদ্ধে নেওয়া বিভাগীয় পদক্ষেপসমূহ

বিবরণ	সংখ্যা
পূর্ববর্তী বছরের জের	১৩
২০১৫ সালে গৃহীত	৮
২০১৫ সালে মোট বিভাগীয় মামলার সংখ্যা	২১
২০১৫ সালে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	৯
কঠোর সাজা	৪
স্বল্প মাত্রার সাজা	২
অন্যান্যভাবে নিষ্পত্তি	৩

১. কঠোর সাজার মধ্যে রয়েছে চাকুরি থেকে অপসারণ, বাধ্যতামূলক অবসর, বেতনক্রমের নিম্নস্তরে অবনতকরণ ইত্যাদি।

২. স্বল্পমাত্রার সাজার মধ্যে রয়েছে তিরস্কার, পদোন্নতি বা বেতন বৃদ্ধি নির্দিষ্ট সময়ের জন্য স্থগিত রাখা, বেতন টাইম-স্কেলের সর্বনিম্নস্তরে নির্ধারণ ইত্যাদি।

৫.৪ কমিশনের সার্বিক কার্যক্রমের পর্যবেক্ষণ ও মূল্যায়ন

৫.৪.১ সম্পাদিত কাজ পর্যবেক্ষণ

দুদকের পরিবীক্ষণ ও মূল্যায়ন (এমএন্ডই) শাখা সম্পাদিত কাজ অভ্যন্তরীণভাবে পরিবীক্ষণ করে থাকে। সংক্ষিপ্ত ও বিস্তারিত পরিদর্শন দুদকের বিভাগীয় ও সমন্বিত কার্যালয়ের কাজ পর্যবেক্ষণ করার দু'টি পদ্ধতি। দুদক প্রধান কার্যালয়ের মহাপরিচালক ও পরিচালকগণ এই পরিদর্শন কাজ করে থাকেন। পরিদর্শন শাখা নিয়মিতভাবে এই পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন এবং দুদক চেয়ারম্যানের কাছে প্রাপ্ত ফলাফল পেশ করে থাকে। ২০১৫ সনে সম্পন্নকৃত কিছু পরিদর্শন সারণি ২৮ - এ দেওয়া হয়েছে।

সারণি ২৮: ২০১৫ সালে দুদকের বিভাগীয় ও সমন্বিত জেলা কার্যালয়সমূহের পরিচালিত পরিদর্শন সংখ্যা

পরিদর্শনের ধরন	প্রধান কার্যালয়	বিভাগীয় কার্যালয়
সংক্ষিপ্ত পরিদর্শন	০৯	০৯
বিস্তারিত পরিদর্শন	০৯	২৩
মোট	১৮	৩২

সংক্ষিপ্ত পরিদর্শনগুলোতে কর্মকর্তাগণ বিভিন্ন বিষয় দেখে থাকেন, যেমন-কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের গৃহীত কার্যক্রম, গৃহীত অভিযোগ, অনুসন্ধান, তদন্তাধীন মামলা, বিচারাধীন মামলা, নগদ হিসাব, সুরক্ষা কার্যক্রম, মূল ত্রুটি/সমস্যা প্রভৃতি। তারা সব ধরনের সমস্যার বিষয়ে মন্তব্য ও পরামর্শ দিয়ে থাকেন। পরবর্তীকালে বিস্তারিত পরিদর্শনের সময় পরামর্শসমূহ বাস্তবায়নের অগ্রগতি মূল্যায়ন করা হয়।

এছাড়া উপরোক্ত বিষয়ে বিশদ পরীক্ষা-নিরীক্ষা ছাড়াও বিস্তারিত পরিদর্শনের সময় কার্যালয় ও কর্মী ব্যবস্থাপনার ওপর বিশেষ গুরুত্ব প্রদান করা হয়। এর মধ্যে রয়েছে কার্যালয়ের নিরাপত্তা, স্থানসংকুলান, হাজিরা বই সংরক্ষণ, কর্মকর্তাদের কাজের তালিকা, কর্মচারীদের সম্পাদিত কাজের মূল্যায়ন, বিভিন্ন রেজিস্টার, সম্পাদিত কাজের মাসিক প্রতিবেদন প্রভৃতি। সদরদপ্তরের কাজ পর্যবেক্ষণ করার অংশ হিসেবে প্রত্যেক সপ্তাহে কমিশন প্রতিটি শাখার কর্মকাণ্ড পর্যালোচনা করে। নির্দিষ্ট তারিখে ও সময়ে সংশ্লিষ্ট অনুবিভাগের মহাপরিচালক চেয়ারম্যানের দপ্তরে উপস্থিত হয়ে অনুবিভাগের কর্মকাণ্ডের হালনাগাদ তথ্য উপস্থাপন করেন এবং কমিশনের নানা প্রশ্নের উত্তর দেন।

অধ্যায় ৬

কমিশনের তথ্য ব্যবস্থাপনা

দুদক ও তথ্য অধিকার আইন

কমিশনের তথ্য ব্যবস্থাপনা

৬.১ দুদক ও তথ্য অধিকার আইন

কমিশন তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়নে অঙ্গীকারবদ্ধ, যা তথ্যের আবাধ প্রবাহ নিশ্চিতে সাহায্য করবে। জাতীয় দুর্নীতি বিরোধী এ সংস্থা তথ্য অবমুক্তকরণ নীতিমালা প্রণয়ন করেছে। তথ্য অবমুক্তকরণ নীতিমালা-২০১১ অনুসারে কমিশনের গঠন, কাঠামো এবং কার্যক্রম নিয়ে প্রকাশিত কোনো স্মারক, বই, তথ্য-উপাত্ত, লগ বই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, চিঠি, প্রতিবেদন, আর্থিক বিবরণী, প্রকল্প প্রস্তাব, অডিও, ভিডিও ইত্যাদিকে নীতিমালায় 'তথ্য' হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে।

কমিশনের তথ্যকে এই নীতিমালায় চারটি শ্রেনীতে ভাগ করা হয়েছে :

ক) স্বতঃপ্রণোদিত তথ্য (কমিশন স্বতঃপ্রণোদিতভাবে এসব তথ্য প্রকাশ করবে);

খ) চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ;

গ) চাহিদা অনুযায়ী আংশিক তথ্য সরবরাহ; এবং

ঘ) অন্যান্য তথ্য, যা প্রকাশ বা প্রদান করা বাধ্যতামূলক নয়।

সদরদপ্তরের জনসংযোগ কর্মকর্তা, বিভাগীয় কার্যালয়ের পরিচালক এবং সমন্বিত জেলা কার্যালয়ের উপপরিচালক নাগরিকের অনুরোধের ধরন অনুযায়ী তথ্য প্রদানের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত থাকবেন। যে কোনো নাগরিক একটি নির্দিষ্ট ফরমেটে বা সাদা কাগজে কমিশনের কাছে তথ্যের জন্য আবেদন করতে পারেন এবং আবেদন পেশের নির্ধারিত সময়ের মধ্যে অনুরোধের উত্তর দিতে হবে। বৈধ কারণ ছাড়া তথ্য প্রদান করা না হলে তা অসদাচরণ হিসেবে গণ্য হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০০৮ অনুসারে ব্যবস্থা নেওয়া হবে। ২০১৫ সনে যে সকল নাগরিক তথ্য অধিকার আইন ২০০৯ অনুসারে তথ্য চেয়েছেন কমিশন তাদের প্রত্যেককে তথ্য প্রদান করেছে।

অধ্যায় ৭

আগামী অভিযাত্রায় কমিশনের কর্মপরিকল্পনা

কমিশনের কর্মপরিকল্পনা

আগামী অভিযাত্রায় কমিশনের কর্মপরিকল্পনা

৭.১ কমিশনের কর্মপরিকল্পনা

দুর্নীতি দমন কমিশন দুর্নীতির বিরুদ্ধে লড়াইয়ে বিশাল চ্যালেঞ্জ মোকাবেলা করলেও ২০১৫ সনে কমিশনের উল্লেখযোগ্য কিছু সফলতাও রয়েছে। এসব সফলতাই আগামী বছরগুলোতে দুদকের অপরিসীম সম্ভাবনার ভিত্তি হিসেবে কাজ করবে। তথাপি, দুদকের কিছু দুর্বলতাও চিহ্নিত করা হয়েছে, যা কার্যকরভাবে দুর্নীতি দমনে সংস্থাটির ক্ষমতাকে কিছুটা সীমিত করেছে। কমিশন অধিকতর সাফল্য অর্জনের জন্য নিম্নোক্ত পদক্ষেপসমূহ বিবেচনা করতে পারে।

৭.১.১ দুর্নীতি প্রতিরোধ নীতিমালা প্রণয়ন

কমিশন দুর্নীতি প্রতিরোধ নীতিমালা প্রণয়নের সিদ্ধান্ত নিয়েছে। এ নীতিমালার আলোকে স্বল্প-মেয়াদি, মধ্য-মেয়াদি ও দীর্ঘ-মেয়াদি কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা হবে। দুর্নীতি হ্রাসে এ নীতিমালা ইতিবাচক পরিবর্তন আনতে পারে বলে প্রত্যাশা করা যায়।

৭.১.২ প্রশিক্ষণ

প্রশিক্ষণ কর্মকর্তা/কর্মচারীদের কার্যকরভাবে দায়িত্বপালনে তাদের সামর্থ্য, দক্ষতা ও নৈপুণ্য বৃদ্ধিতে সাহায্য করে। এ কারণে দুর্নীতি শনাক্তকরণ, অনুসন্ধান ও প্রতিরোধে কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষ ও নিপুণ করে গড়ে তোলার উদ্দেশ্যে কমিশন পদক্ষেপ নিয়েছে। বহুমাত্রিক দুর্নীতি দমনের চ্যালেঞ্জে কমিশন তার কর্মকর্তা-কর্মচারীদের দেশ-বিদেশে যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে প্রস্তুত করার দিকে সবিশেষ গুরুত্ব প্রদান করছে।

